# बिहार विद्यालय परीक्षा समिति, पटना

**वर्ष 2017 का मॉडल प्रश्न पत्र एवं उत्तरमाला**

# BANGLA

## Set-I

## BANGLA MODEL QUESTIONS, 2017 (INTER XII)

### SET- I

সঠিক উত্তরটি লেখ :-

১। 'খাইতে পাইলে কে চোর হয়' ?

১৬x১=১৬

(ক) কমলাকান্ত (খ) বিড়াল (গ) (প্রসন্ন) (ঘ) নসীরামবাবু

২। বলাই নিজের কাকা –কাকির সঙ্গে কোথায় বেড়াতে গিয়েছিল ?

৩। চিকাগো ধর্ম সম্মেলনে স্বামী বিবেকানন্দ কোন্ বিষয়ের উপর বক্তিতা করেন?

(১) (ক) জাতি (খ) (ভাষা) (গ)ধর্ম (সাহিত্য)

৪। 'মণিমহেশ' ভ্রমণ কাহিনীতে লেখক কোন্ দেবতা দর্শনের কথা কথা বলেছেন?

(ক) বিষ্ণু (খ) নারায়ণ (গ) মহাদেব (ঘ) ব্রহ্মা

৫। মুখুজ্জ্যেদের কিসের ব্যবস্যা ছিল ?

(ক) ধান (খ) পাট (গ) চিনি (ঘ) কয়লা

৬। 'ভারতবর্ষ কোনো কালে এক ছিল না' ?- একথা কারা বলেন ?

(ক) সাম্রাজ্যবাদী (খ) পুঁজিপতি (গ) রাষ্ট্রবাদী (ঘ) সমাজবাদী

৭। 'হিস্ট্রী অফ্ ম্যাজিক' বইটি কার লেখা ?

৮। বিয়ের পর মাধুরীলতা স্বামীর ঘর করতে কোথায় গিয়েছিল ?

(ক)মজ:ফরপুরে (খ) ভাগলপুরে (গ) সম্বলপুরে (ঘ) জয়পুরে

৯। 'গুরুদক্ষিণা' পাঠটি কার লেখা ?

(ক) চিত্রাদেব (খ) রাজেন্দ্র অবস্তি (গ) (রাজশেখর বসু) (ঘ)বঙ্কিমচন্দ্র

১০। 'বিরহিণী রাধা' কবিতাটির কবি কে ?

(ক) বলরাম দাস (খ) গোবিন্দ দাস (গ) বিদ্যাপতি (ঘ) চন্ডীদাস

১১। সনাতন নদীর তীরে মাটির ভিতর কী পুঁতে রেখেছিল ?



(ক) সোনা (খ) হীরে (গ) পরশপাথর (ঘ) মাণিক

১২। 'চিঠি' একটি –

(ক)কবিতা (খ) ছোটোগল্প (গ) প্রবন্ধ (ঘ) বড়গল্প

১৩। ভগবান তথাগত-র স্ত্রীর নাম কী ছিল ?

(ক) যশোধরা (খ) রাধা (গ) মাধুরীলতা (ঘ) শকুন্তলা

১৪। লক্ষীপেঁচা কিসের ডালে বসেছিল ?

(ক) শিমুলের (খ) পলাশের (গ) আমের (ঘ) নারকলের

১৫। 'বসুধা' শব্দের অর্থ কী ?

(ক) পৃথিবী (খ) নদী (গ) মাটি (ঘ) বস্ত্র

১৬। জীবনানন্দ দাশ রচিত কবিতাটির নাম কী ?

(ক) বটবৃক্ষ (খ) তথাগত (গ) নোলক (ঘ) আবার আসিব ফিরে

একটি বাক্যে উত্তর দাও :-

৭x২=১৪

১৭। 'বিড়াল' প্রবন্ধটির আমি কে ?

১৮। আমেরিকাবাসীকে স্বামী বিবেকানন্দ কী বলে সম্বোধন করেছিলেন ?

১৯। জগদীশ চন্দ্র বসু লন্ডনন থেকে কোন ডিগ্রি নিয়ে এসেছিলেন?

২০। ‘নোলক’ কবিতায় নদীর শরীর কোন্ মাছে ভরে রয়েছে ?

২১। সরলার মা-র বাড়ি কোথায় ছিল ?

২২। বাংলা সাহিত্যের দু’জন কবির নাম লেখ।

২৩। মধুসূদন দত্ত কাকে ‘বধির করুণা তুমি’ বলেছেন ?

সংক্ষেপে উত্তর দাও:- ৬ x ৫ = ৩০

২৪। বৈশাখী পূর্ণিমা উৎসবে কোন নাটক অভিনীত হয়েছিল ? কাদের বাড়িতে এ উৎসব হয়েছিল ?

২৫। পাদ্রীগণ আবশ্যক মত কোন নীতির আশ্রয় গ্রহণ করেন ?



২৬। গুরু বিনা কোন বিদ্যাই লাভ হয় না এবং নিজের কাছে গুরু ঈশ্বর তুল্য –‘গুরুদক্ষিণা’ পাঠ অবলম্বনে তোমার মতামত ব্যক্ত করো।

২৭। ‘**গান**’ কবিতাটিতে শীতল পাটির উল্লেখ কেন করা হয়েছে ?

২৮। পদকর্তা চন্ডীদাস রাধাকে বিরহিনী কেন বলেছেন ?

২৯। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর সম্বন্ধে যা জানো লেখো।

নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও: -

৩০। নিচে দেওয়া উপসর্গ একটি করে শব্দ গঠণ করো __ ৮

অনা, কু, আ, ভর, পাতি, ফুল, হেড, গর

৩১। নিচের শব্দগুলির পরিবর্তিত রুপ লেখ :- ৫

যেমত, দুগ্‌ধ, রতন, একলে, ধেয়াণে

৩২। ইংরেজি শব্দগুলি বাংলায় অনুবাদ করো :-
৫

Enemy, Geography, Translation, Victory, Bacteria

৩৩। সাধুভাষা চলিত ভাষায় রুপান্তরিত করো
৫

(ক) হিমালয় দর্শণ করিয়া আসিলেন।

(খ) তুমি আজ কি খাইবে ?

(গ) ঊর্মিলা ভাইকে ডাকিলেন।

(ঘ) সোহম্ কবিতা আবৃত্তি করিতেছে।

(ঙ) তাহাকে খুঁজিয়া বাহির কর।

৩৪। দিদির বিয়ের জন্য বিদ্যালয়ে তিনদিন না যাওয়ার আবেদন জানিয়ে প্রধান শিক্ষককে চিঠি লেখো।
৭

৩৫। আমরা কিশাণগঞ্জ গ্রাম পঞ্চায়েতের অর্ন্তগত নয়া গাঁও-এর বাসিন্দা। আমাদের গ্রামের কতকগুলি সমস্যার কথা আপনাকে (পঞ্চায়েত প্রধাণ) জানাতে চাই। আমাদের গ্রামে পাঁচ হাজার মানুষের বসবাস। কিন্তু এত জনসংখ্যা থাকা সত্বেও আমাদের এখানে মাত্র দুটি নলকূপের মধ্যে একটি খারাপ হওয়াতে আমরা



খুবই দুরাবস্থায় দিন কাটাচ্ছি। বিকল নলকূপটি মেরামত ও নতুন নলকূপ বসানোর জন্য আমরা আপনার হস্তক্ষেপ প্রার্থনা করছি।

উপরোক্ত অংশটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও— ৫x২=১০

(ক) কোন জায়গায় গ্রাম পঞ্চায়েতের কথা বলা হয়েছে

(খ) গ্রামটিতে কত মানুষের বাস ?

(গ) গ্রামের কোন সমস্যার কথা এখানে উল্লেখ করা হয়েছে ?

(ঘ) গ্রামে কয়টি নলকূপ আছে ?

(ঙ) গ্রামের মানুষ পঞ্চায়েত প্রধানের কাছে সমস্যার সমাধান স্বরুপ কি প্রার্থনা করেছে ?

-ANSWER SHEET-

(১) খ। বিড়াল (২) ক। পাহাড়ে (৩) গ। ধর্ম

(৪) গ। মহাদেব (৫) খ। পাট (৬) ক। সাম্রাজ্যবাদী

(৭) খ। চার্লস ওয়েকম্যাস (৮) ক। মজ:ফরপুর (৯) রাজেন্দ্র অবস্তি।

(১০) (ঘ) চন্ডীদাস (১১) গ। পরশপাথর (১২) ক। কবিতা

(১৩) ক যশোধরা। (১৪) ক। শিমূলের (১৫) ক। পৃথিবী

(১৬) আবার আসিব ফিরে। (১৭)। 'বিড়াল' প্রবন্ধটির আমি কমলাকান্ত।

(১৮) আমেরিকাবাসীকে স্বামী বিবেকানন্দ ' হে আমেরিকাবাসী ভগ্নী ও ভ্রাতৃবৃন্দ' বলে সম্বোধন করেছিলেন।

(১৯)। জগদীশ চন্দ্র বসু লন্ডন থেকে বি এসসি ডিগ্রি নিয়ে দেশে ফিরেছিলেন।

(২০)। 'নোলক' কবিতায় নদীর শরীর বোয়াল মাছে ভরে রয়েছে ।

(২১)। সরলার মা-র বাড়ি বাংলাদেশের পাবনা জেলায় ছিল।
(২২)। বাংলা সাহিত্যের দু'জন কবির নাম হল –

P-5

রবীন্দ্র নাথ ঠাকুর ও জীবনানন্দ দাশ।

(২৩)। মধুসূদন দত্ত বটবৃক্ষকে 'বিধির করুণা তুমি' বলে সম্বোধন করেছেন।

(২৪) বৈশাখী পূর্ণিমা উৎসবে 'কর্ণার্জুন' নাটক অভিনীত হয়েছিল। যার অভিনয় চমৎকারিত্বে সকল লোকই খুব আনন্দবোধ
করেছিলেন। নাটকটি মুখুজ্জ্যোদের বাড়িতে হয়েছিল।

(২৫)। পাদ্রীদের কাছে যুক্তি আশা করা বৃথা। তারা প্রত্যক্ষভাবে বা পরোক্ষ ভাবে শাসনতন্ত্রের সঙ্গে জড়িত, সুতরাং আবশ্যক মত তারা কূটনীতির আশ্রয় গ্রহণ করে। কখনও কখনও দেশের অথবা রাজ্যশাসকদের কথা মত পাদ্রীরা সামুহিক অথবা ব্যক্তিগত প্রার্থনার আয়োজন করে থাকে।

(২৬)। গুরুবিনা বিদ্যালাভ করা যায় না এবং গুরু ঈশ্বর তুল্য। একলব্য ধনুর্বিদ্যা শিক্ষালাভের জন্য গুরু দ্রোণাচার্যের কাছে গিয়েছিল। প্রতিজ্ঞা করেছিল ধনুর্বিদ্যা যদি শিখতেই হয়,তবে আচার্য দ্রোণের কাছেই শিখবে। কিন্তু আচার্য দ্রোণ শুধুমাত্র ক্ষত্রিয়কুমারদেরই ধনুর্বিদ্যা শিক্ষা দেব,অন্য কাউকে নয়। তাই
ভীলকুমার একলব্যকে ধনুর্বিদ্যা শিখাবেন না একথা স্পষ্ট করে বলে দিলেও একলব্য আচার্য দ্রোণকেই তার গুরু স্বীকার করে নিয়ে, দ্রোণের মাটির মূর্তি গড়ে তার সামনে ধনুর্বিদ্যা অভ্যাস করতে শুরু

করে। সামনে গুরুর সান্নিধ্যে, পরামর্শ ও শিক্ষা ছাড়াই শ্রেষ্ঠ ধনুর্বিদ হতে পারা যায়।

(২৭)শীতলপাটি অর্থাৎ একপ্রকার মাদুর যা শরীরে শীতলতার স্পর্শ দিয়ে ক্লান্তি দূর করে। আমাদের বাংলার প্রকৃতি ও শীতল। কারণ এখানকার প্রকৃতি গাছপালায় ভরা। পরিবেশে শীতলতা ছড়িয়ে থাকার জন্য তা আমাদের ক্লান্ত দূর করে। বাংলার প্রকৃতির সঙ্গে শীতল পাটির এই মিলের জন্য কবি  এখানে শীতল পাটির উল্লেখ করেছেন।

(২৮) পদকর্তা চন্ডীদাস 'বিরহিণী রাধা' পদ বা কবিতাটিতে কৃষ্ণ

P-6

বিরহে রাধার বিরহিনী বিভোর রাধা নির্জনে একাকিনী বসে থাকেন। কারও কথা শুনতে পান না। যোগিনীর মত রাঙা বেশ তাঁর। চুল এলোমেলো। শুধু একদৃষ্টে কখনো মেঘের পানে,কখনো ময়ূর-ময়ূরীর দিকে দৃষ্টি নিবদ্ধ রেখে শ্রীকৃষ্ণেরই রূপদর্শন করেন।কৃষ্ণের জন্য রাধার ব্যাকুলতা প্রাণবন্ত হয়ে উঠেছে।

(২৯) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর আধুনিক ভারতের সর্বশ্রেষ্ঠ কবি ও পৃথিবীর সর্বযুগের কবি সমাজের অন্যতম প্রধান কবি। কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে ৭ মে (২৫ শে বৈশাখ)১৮৬১ তে তাঁর জন্ম হয়। মৃত্যু ৭আগষ্ট (২২শে শ্রাবণ)১৯৪১। পিতার নাম মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ও মায়ের নাম

সারদা দেবী। বাল্যকাল থেকেই কবিতা রচনায় সিদ্ধহস্ত। কবিতা, নাটক,উপন্যাস, ছোটোগল্প, প্রবন্ধ,প্রভৃতি বাংলা সাহিত্যের প্রতিটি বিভাগেই তিনি অবশ্য সাধারণ প্রতিভার পরিচয় দিয়েছেন।

গীতিকবিতা রচনায় তিনি সিদ্ধহস্ত। তাঁর রচিত ‘গীতাঞ্জলী’ কাব্য ইংরাজি ভাষায় অনুদিত হয় এবং তিনি সর্বশ্রেষ্ঠ কবিরূপে নোবেল পুরস্কার পান ১৯১৩ সালে। ভানুসিংহ তাঁরই ছদ্মনাম। শান্তিনিকেতন ব্রহ্মচর্য বিদ্যালয়,বিশ্বভারতী ও শ্রীনিকেতন তাঁর অবিস্মরণীয় কীর্তি। তাঁর রচিত কাব্যগ্রন্থের মধ্যে উল্লেখযোগ্য ‘সোনারতরী,‘বলাকা’, চিত্রা, ‘কথা ও কাহিনী’, ‘মানসী’, প্রভৃতি। গোরা,চোখের বালি, ঘরে বাইরে,শেষের কবিতা প্রভৃতি তাঁর বিশিষ্ট উপন্যাস। ‘রাজা ও রাণী’,বিসর্জণ’, রক্তকরবী’ প্রমুখ নাটক। দেনাপাওনা,কবুলিওয়ালা, বলাই প্রভৃতি তাঁর অন্যতম ছোটোগল্প।

তাঁর রচিত সংগীত,যা রবীন্দ্রসংগীত নামে বিশ্ববিখ্যাত তা-ও আমাদের প্রতিদিনের,প্রতি মুহূর্তের জীবনের সঙ্গে জড়িয়ে আছে। কবির আঁকা ছবিও দেশ-বিদেশে বিশেষভাবে সমাদৃত।

(৩০)। অনাবৃত,

কুয়াশা,আপদ,ভরপেট,পাতিলেবু,ফুলহাতা,হেডপন্ডিত,গরহাজির

(৩১)। যেমন,দুধ,রত্ন,একলা,ধ্যানে,

(৩২)। শত্রু,ভূগোল,অনুবাদ,জয়,জীবাণু

P-7

(৩৩) ক-হিমালয় দর্শন করে আসলেন।

খ- তুমি আজ কি খাবে ?

গ-উর্মিলা ভাইকে ডাকল।

ঘ-সোহম্ কবিতা আবৃত্তি করছে।

ঙ- তাকে খুঁজে বের কর।

(৩৪) মাননীয় প্রধান শিক্ষক,

কিশনগঞ্জ উচ্চ বিদ্যালয়,

কিশনগঞ্জ

বিষয় – বিদ্যালয়ে অনুপস্থিতির জন্য

মহাশয় ,

সবিনয় নিবেদন এই যে আমি আপনার বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র। ১১-১২-২০১৬ তে আমার একমাত্র দিদির বিয়ের জন্য আমি ১১-১২-২০১৬ থেকে ১৩-১২-২০১৬ তারিখ পর্যন্ত বিদ্যালয় আসতে পারবো না।

তাই আপনার কাছে আমার বিনীত অনুরোধ যে উপরোক্ত তিন দিনের জন্য আমাকে ছুটি দেওয়া হোক।

আপনার আজ্ঞাকারী

ছাত্র

তারিখ-১০-১২-২০১৬

দেবেশ শর্মা

বর্গ- দশম-(বি)

ক্রম সংখ্যা – ৩৪

(৩৫) ক – কিশানগঞ্জ জেলার নয়া গ্রাম পঞ্চায়তের কথা বলা হল।

খ – গ্রামটিতে পাঁচ হাজার মানুষের বাস।

গ – গ্রামের নলকূপ বা জলের সমস্যঅর কথা এখানে উল্লেখ করা হয়েছে।

ঘ- গ্রামে মাত্র দুটি নলকূপ আছে ।

ঙ- বিকল নলকূপটি মেরামত ও নতুননলকূজন্য গ্রামের মানুষ গ্রাম পঞ্চায়েতের কাছে প্রার্থনা করেছে।

# बिहार विद्यालय परीक्षा समिति, पटना

**वर्ष 2017 का मॉडल प्रश्न पत्र एवं उत्तरमाला**

**BANGLA**

**Set-II**

সঠিক উত্তরটি লেখো :- ১৬x১ =১৬

১- বিড়াল প্রবন্ধটির মূল বক্তব্য কী ?

(ক) সাম্যবাদ (খ) জাতিবাদ (গ) নারীবাদ (ঘ) প্রজাতন্ত্রবাদ

২- মা-কে হারাবার পর বলাই কার কোলে পিঠে চড়ে বড় হয়েছে ?

(ক) মাসি (খ) পিসি (গ) কাকিমা (ঘ) দিদিমা

৩- 'বর্ষা বেদনা দেয়' কথাটি কে বলেছে ?

(ক) ঊর্মিলা (খ) শর্মিলা (গ) উমাপদ (ঘ) দেবব্রত

৪- 'প্রার্থনা' পাঠটি কে লিখেছেন ?

(ক) রবীন্দ্রনাথ (খ) রাজশেখর বসু (গ) সত্যজিৎ রায় (ঘ) শরৎচন্দ্র

৫- একলব্য কার ছেলে ?

(ক) হিরণ্যকশিপু (খ) দ্রোণাচার্য (গ) হিরণ্যধনু (ঘ) হিরণ্যমান

৬- ভানচুনালা কী ?

(ক) পাহাড় (খ) নদী (গ) গ্রাম (ঘ) জঙ্গল

৭- মুখুজ্জ্যেদের প্রধান ব্যবসা কী ?

(ক) ধান (খ) পাট (গ) সুপারী (ঘ) গম

৮। 'বিড়লে' শব্দটির অর্থ কী ?

(ক) গোপনে (খ) একান্তে (গ) বিয়ে (ঘ) সামনে

৯। 'বটবৃক্ষ' কবিতাটি কোন কাব্য গ্রন্থের অন্তর্গত ?

(ক) চতুর্দশপদী কবিতাবলী (খ) বীরাঙ্গনা (গ) ব্রজাঙ্গনা (ঘ) মেঘনাদবধ

১০। 'ধানসিঁড়ি' কিসের নাম ?

(ক) নদী (খ) পাহাড় (গ) গ্রাম (ঘ) পথ

১১। মনীন্দ্র রায় লিখিত কবিতাটির নাম কী ?

(ক) তথাগত (খ) চিঠি (গ) নোলক (ঘ) জন্মভূমি আজ

১২। 'নিরন্নের দেশ' সাজাবার ভার কে নিয়েছে ?

(ক) সর্ষের খেত (খ) শরবণ (গ) কবি (ঘ) দরিদ্র মানুষেরা

১৩। কোন কবি বলেছেন 'আবার আসিব ফিরেধান সিড়িটির তীরে'?

(ক) প্রেমেন্দ্র মিত্র (খ) রবীন্দ্রনাথ (গ) জীবনানন্দ (ঘ) সত্যেন্দ্রনাথ

১৪। 'ভানুসিংহ' কার ছদ্মনাম ?

(ক) মণীন্দ্র রায় (খ) মধুসূদন (গ) নজরুল (ঘ) রবীন্দ্রনাথ

১৫। 'বন্দে মাতরম' সংগীতের রচয়িতা কে ?

(ক) রবীন্দ্রনাথ (খ) বঙ্কিমচন্দ্র (গ) শরৎচন্দ্র (ঘ) নজরুল

১৬। 'ছন্দের যাদুকর' কাকে বলা হয় ?

(ক) যতীন্দ্র মোহন বাগচী (খ) সত্যেন্দ্র নাথ দত্ত (গ) চন্ডীদাস
(ঘ) বধুসূদন দত্ত

একটি বাক্যে উত্তর দাও:- ৭x২ =
১৪

১৭। 'কতকগুলো ব্যথা আছে যা সম্পূর্ণ ওর একলারই- ওর চারিদিকের
লোকের মধ্যে তার কোনো সাড়া নেই'-অংশটিতে কার কথা বলা হয়েছে ?

১৮। কোন ধর্মের প্রতিনিধি হয়ে স্বামী বিবেকানন্দ সম্মেলনে যোগ দেন ?

১৯। ‘হিস্ট্রি অফ ম্যাজিক’ বইটি কার নামে এন্ট্রি করা ছিল ?

২০। রাজসিংহাসন ছেড়ে কে মাধুকরী বৃত্তি বরণ করলো ?

২১। বৃন্দাবনে নদীতীরে কে নামজপে মগ্ন ছিলেন ?

২২। ‘বিরহিণী রাধা’ কবিতাটি কোন পর্যায়ের ?

২৩। বাংলা সাহিত্যের দুজন মহিলা সাহিত্যিকের নাম লেখো ?

সংক্ষেপে উত্তর দাও :- ৬ x ৫ =৩০

P-10

২৪। মুজ:ফরপুরে স্ত্রী শিক্ষা প্রসারে মাধুরীলতার সঙ্গে কে সহযোগিতা করেছিলেন।

২৫। ‘জগদীশচন্দ্রের ক্ষেত্রেও তার অন্যথা ঘটল না’– এই কথাটি কেন বলা হয়েছে ?

২৬। ‘তখন এ পৃথিবীর সব কিছুই ভুলে যেতে হয়’-কী ভুলে যেতে হয় এবং কেন ?

২৭। নিসর্গের দুরত্ব কবিতাটি কার লেখা ? কবির সম্পর্কেযা জানো লেখো ?

২৮। ব্রাহ্মণ কেন সনাতন গোস্বামীর কাছে এসেছিল ?

২৯। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের সাহিত্য জীবন সম্পর্কে লেখ।

নিচের প্রশ্নগুলির যথাযত উত্তর দাও ।

৩০। নিচে দেওয়া উপসর্গ যোগে একটি করে শব্দ গঠন কর ৮

প্র, পরা, প্রতি, অতি , কি, অধি, নি, বি,

৩১। নিচের শব্দগুলির পরিবর্তিত রুপ লেখো। ৫

ঘসাঞ্জা, নিরঘনে, দিঠ, হৈল, বেথা

৩২। ইংরেজি শব্দগুলি বাংলায় অনুবাদ করো --

৫

Letter, Fax, Board, Blood, Interview

৩৩। সাধুভাষা থেকে চলতি ভাষা থেকে চলিত ভাষায় লেখ

৫

ক। ইহাকে আমরা গোলাবাড়ি বলিয়া থাকি।

খ। লাঠি লইয়া মারিতে আসিল ।

গ। মোহন শংকিত হইয়া পড়িল।

ঘ। তাঁহারা পূর্বেই অনুমান করিয়াছিলেন।

ঙ। চুরি করিয়া ধরা পড়িল।

৩৪। পানীয় জলের সুব্যবস্থার জন্য পৌর প্রধানকে একটি চিঠি লেখো। ৭

৩৫। নারায়ণী স্তম্ভিত হইয়া দাঁড়াইয়া রহিলেন। নৃত্যকালী যদিও রামের



উপর খুব সদয় নহে,তবুও মাছ দেখিয়া সে রাগিয়া উঠিল। দিগম্বরীকে বলিল, আচ্ছা দিদিমা পাড়ার লোকে জানে ছোটোবাবুর কার্তিক-গণেশের কথা। তুমি কি বলে এ মাছ বলে দিলে ধরতে বলে দিলে ? দু তিনটে পুকুরে কি আর মাছ ছিল না ? দশটা লোক খাবে তা একটা আধমণি মাছই বা কি হবে ? লুকিয়ে ফেল একে। কোথায় গেছে তিনি, এখনি এসে পড়বে।

উপরের অংশটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :-　　　৫ x ২ = ১০

ক। নৃত্যকালী কেন রেগে গেল ?

খ। কার্তিক গণেশ কারা ?

গ। দিগম্বরীকে মাছ লুকিয়ে ফেলতে বলল কেন ?

ঘ। মাছ কেন ধরা হয়েছিল ?

ঙ। মাছটির ওজন কত ছিল ?

ANSWER SHEET

১। ক সাম্যবাদ ২।  ২। গ কাকিমা  ৩। খ শর্মিলা  ৪। রাজশেখর বসু ৫। হিরণ্যধনু ৬। খ নদী ৭। খ পাট ৮। খ একান্তে ৯। ক চতুর্দশপদী কবিতাবলী ১০। ক নদী  ১১। খ চিঠি ১২। খ শরবণ   ১৩। গ জীবনানন্দ ১৪। ঘ রবীন্দ্রনাথ ১৫। বঙ্কিমচন্দ্র ১৬। সত্যেন্দ্রনাথ ১৭। অংশটিতে রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'বলাই' ছোটোগল্পের বলাই-র সম্বন্ধে বলা হয়েছে । ১৮। সনাতন হিন্দুধর্মের
প্রতিনিধি হয়ে স্বামী বিবেকানন্দ সম্মেলনে যোগ দেন। ১৯। 'হিস্ট্রি অফ ম্যাজিক' বইটা সুশীল তালুকদারের নামে এন্ট্রি করা ছিল।
২০। রাজ সিংহাসন ছেড়ে ভগবান বুদ্ধ মাধুকরী বৃত্তি বরণ করেছিল।
২১। বৃন্দাবনে নদীতীরে সনাতন নামজপে মগ্ন ছিলেন।

p-12
২২। 'বিরহিনী রাধা' কবিতাটি পূর্বরাগ পর্যায়ের।
২৩। আশাপূর্ণা দেবী ও মহাশ্বেতা দেবী।
২৪। মজ:ফরপুরে স্ত্রী শিক্ষা প্রসারে মাধুরীলতার সঙ্গে লেখিকা অনুরূপা দেবী সহযোগিতা করেছিলেন। এছাড়া সেই সময়ে অঘোর কামিনী রায়, বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন, লিলিয়ান বা লীলা ও বিহারের মেয়েদের শিক্ষিত করার কাজে নেমেছিলেন।
২৫। যথেষ্ট শিক্ষাগত যোগ্যতা থাকা সত্ত্বেও সেই সময় শুধু ভারতীয় হওয়ার অপরাধে বহু প্রতিভাধর ব্যক্তিত্বকেই উচ্চপদে নেওয়া হতো না। জগদীশ চন্দ্র ও একজন  ভারতীয় তাই তার ক্ষেত্রেও এই ভেদাভেদের অন্যথা হয়নি।

২৬। বর্ষার মেঘ দেখে শর্মিলা তার বন্ধু উর্মিলাকে চিঠির মাধ্যমে বলেছে যে এই বর্ষার এই অপরূপ রূপ পৃথিবীর সমস্ত বাঁধা নিয়মকে উল্লঙ্ঘন করে কোন রূপকথার রাজ্যে নিয়ে যায় তার ঠিক নেই। বর্ষার এই অপরূপ রূপের কাছে ভুলে যেতে হয় পৃথিবীর বাস্তব জীবনের রোজকার খবরের কাগজ, বামপন্থী ও দক্ষিণপন্থীর বিরোধ, মহাযুদ্ধের আসন্ন বিভীষিকা , রাজনৈতিক অগ্নিময় বক্তৃতা, সিনেমা-স্টারদের নিয়ে উত্তেজিত সমালোচনা।

২৭। অভিনেতা, কবি, নাট্যকার-আবৃত্তিকার সৌমিত্র চট্টোপাধ্যায়ের জন্ম ১৯ জানুয়ারী ১৯৩৫ সালে। চলচিত্রাঅভিনেতা রূপে তাঁর বিপুল খ্যাতি তাঁর প্রতিভার অন্যান্য দিকগুলিকে ঢেকে দিয়েছে। তাঁর সাহিত্য সৃজনের দক্ষতা সম্পর্কে অবহিত নন। ইনি কয়েকটি নাটক লিখেছেন এবং সেগুলি মঞ্চস্থও হয়েছে। নির্মাল্য আচার্যের সঙ্গে মিলিতভাবে ‘এক্ষণ’ নামে একটি সুরুচি সম্পন্ন,মননশীল, উচ্চাঙ্খার সাহিত্য-পত্রিকার সম্পাদনা করেছেন। তাঁর কবি প্রতিভার স্ফুরণ ঘটে ছাত্রাবস্থা থেকে। অনেক লিটল ম্যাগাজিণেতাঁর কবিতা প্রকাশিত হয়েছে। জলপ্রপাতের ধারে দাঁড়াব বলে (১৯৭৫), ব্যক্তিগত নক্ষত্রমালা (১৯৭৬), শব্দরা আমার বাগানে (১৯৮১),প্রভৃতি কাব্যগ্রন্থ পাঠকদের দৃষ্টি আকর্ষণ করে।

P-13

২৮। শিবভক্ত ব্রাহ্মণ নিজের উন্নতির জন্য ভগবান শিবের আরাধনা করলে স্বপ্নে তিনি দেখা দিয়ে বলেছিলেন যমুনাতীরে বসবাসকারী

সনাতন গোস্বামীর কাছেই তার ধণী হওয়ার উপায় আছে। তাই ব্রাহ্মণ সনাতন গোস্বামীর কাছে এসেছিল।

২৯। বাংলা সাহিত্যে অন্যতম কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। তাঁর জন্ম ১৫ সেপ্টেম্বর ১৮৭৬, মৃত্যু ১৬ জনুয়ারী ১৯৩৪। পৈতৃক নিবাস হুগলির দেবানন্দপুর গ্রাম। পিতা মোতিলাল চট্টোপাধ্যায়,মা ভুবনমোহিনী দেবী। তাঁর শেশব ও যৌবনকাল ভবঘুরের মত কাটালেও সাহিত্যসৃষ্টির প্রেরণাতে তা বাধা হয়ে দাঁড়ায়নি। অল্পকালের মধ্যেই তিনি কথাশিল্পী রূপে বিখ্যাত হন। তাঁর লেখা উপন্যাসের সংখ্যা অনেক। তার মধ্যে কয়েকটি হলো-‘শ্রীকান্ত’, চরিত্রহীন,গৃহদাহ,দেবদাস,পথেরদাবী,প্রভৃতি। ছোটো গল্পোকার রূপেও তিনি খ্যাতিলাভ করেছিলেন। ‘রামের সুমতি’, মহেশ, বিন্দুর ছেলে, মেজদিদি, অভাগীর স্বর্গ প্রভৃতি তার বিখ্যাত ছোটোগল্প।

৩০। প্রদীপ,পরাজিত, প্রতিবেশী,অতিরিক্ত, ফিবছর, অধিকার, নিযুক্ত, বিচার

৩১। খসিয়ে,নিরীক্ষণে, দৃষ্টি, হলো, ব্যথা

৩২। চিঠি, দূরলেখ, পর্ষদ, রক্ত, সাক্ষাৎকার

৩৩। ক। একে আমরা গোলাবাড়ি বলে থাকি।

খ। লাঠি নিয়ে মারতে আসলেন।

গ। মোহন শংকিত হয়ে পড়লো।

ঘ। তারা পূর্বেই অনুমান করেছিলেন।

ঙ। চুরি করে ধরা পড়ল।

৩৪। মাননীয় পৌরপ্রধান,

বেতিয়াটাক পৌরসভা,

বেতিয়া ।

P-14

বিষয়- পানীয় জলের সুব্যবস্থার জন্য ।

মহাশয়,

সবিনয় নিবেদন এই যে আপনার পুরসভা এলাকার সোনাঝরা এলাকার বাসিন্দা। পানীয় জলের সুব্যাস্থা এই এলাকায় না থাকার জন্য সাধারণ মানুষকে খুব কষ্ট করে এখানে থাকতে হয়। নানা রোগে সবসময় আমরা ভুগতেই থাকি।

তাই এই সমস্যার সমাধানে আপনি যদি আমাদের সাহায্য করেন আমরা আপনার বাধিত থাকবো।

নমস্কারান্তে

১৭।১২।২০০১ অমিয় ধর

বেতিয়া,পশ্চিম

চম্পারণ

৩৫। ক। মাছ দেখে নৃত্যকালী রেগে উঠলো।

খ। কার্তিক গণেশ মাদেদের নাম।

গ। মাছ দুটি রামের পোষা মাছ। তাই তাদের ধরেছে দেখলে রাম যে নিশ্চয়েই খুব রেগে উঠবে তাই ভেবে দিগম্বরীকে মাছ লুকিয়ে রাখতে বলা হলো।

ঘ। লোকেদের খাওয়ানোর জন্য মাছ ধরা হয়েছিল।

ঙ। মাছটির ওজন আধমন ছিল।

# बिहार विद्यालय परीक्षा समिति, पटना

**वर्ष 2017 का मॉडल प्रश्न पत्र एवं उत्तरमाला**

**BANGLA**

**Set-III**

সঠিক উত্তরটি লেখো --- ১৬ x ১ = ১৬

১। ‘চোরের দন্ড আছে নির্দয়তার কি দন্ড নাই ?’ কার উক্তি এটি ?

(ক) নসীরামবাবু (খ ) বিড়াল (গ) কমলাকান্ত (ঘ) প্রসন্ন গোয়ালিনী

P-15

২। চিত্রা দেব লিখিত পাঠটির নাম কী ?

(ক) ধাপ্পা (খ) প্রার্থনা (গ) মণি মহেশ (ঘ) মাধুরীলতা

৩। বলাই-র কোন গাছের চারার প্রতি দুর্বলতা ছিল ?

(ক) বটগাছ (খ) শিমুলগাছ (গ) গোলাপ (ঘ) আম

৪। ‘এক্সক্লুশান’(exclusion) শব্দটির অর্থ কী ?

(ক) পরিত্যাজ্য (খ) পরিভাষা (গ) পরিশোধ (ঘ) পরিণাম

৫। উমাপদ কোথায় যাওয়ার জন্য তাড়াহুড়ো করছিল ?

(ক) উমাপদ (খ) স্টেশনে (গ) অফিসে (ঘ) বাজারে

৬। তোমার তপস্যাক্ষেত্র ছিল ‘যবে নিভৃত নিরালা’- রবীন্দ্রনাথ এই উক্তিটি কার সম্বন্ধে করছেন ?

(ক) মাধুরীলতা (খ) জগদীশচন্দ্র বসু (গ) রথীন্দ্রনাথ (ঘ) বিহারীলাল

৭। মণিমহেশের তীর্থযাত্রীদের কোথায় স্নান করা করা নিয়ম ?

(ক) মণিমহেশ হ্রদে (খ) ভৈরব ঘাঁটিতে (গ) গৌরী কুন্ডে (ঘ) ভানুকালায়

৮। ভারতকে কোন ভাষায় ‘ইন্ডিয়া’ বলে ?

(ক) ইংরাজী (খ) সংস্কৃত (গ) তামিল (ঘ) বাংলা

৯। ‘বিরহিনী রাধা’ কবিতাটি কোনন পর্যায়ের কবিতা ?

(ক)পূর্বরাগ (খ) আক্ষেপানুরাগ (গ) মিলন (ঘ) বাল্যলীলা

১০। 'আরামের থেকে মুক্তিসেই কি নির্বাণ'- কোন কবিতার অংশ এটি ?

(ক) নিসর্গের দূরত্ব (খ) তথাগত (গ) বটবৃক্ষ (ঘ) জন্মভূমি আজ

১১। 'জীবকূল হিতৈষিণী' বলে কবি কাকে সম্বধন করেছেন ?

(ক) বটবৃক্ষ (খ) তথাগত (গ) স্পর্শমণি (ঘ) রাধা

১২। জীবন কার নাম ?

(ক)সনাতন (খ) তথাগত (গ)বুদ্ধ (ঘ) ব্রাহ্মণ

১৩। 'নিসর্গ' শব্দের অর্থ কী ?



(ক)পাহাড় (খ) নদী (গ) ঝর্ণা (ঘ) প্রকৃতি

১৪। 'বল তো কার মনে সোনা হয়ে জ্বলে ধূলিকণা'- কোন কবিতায় একথা বলা হয়েছে ?

(ক) গান (খ) জন্মভূমি আজ (গ) তথাগত (ঘ) চিঠি

১৫। 'বীরঙ্গণা কাব্যে'র রচয়িতা কে ?

(ক) রবীন্দ্রনাথ (খ) মধুসূদন (গ) সত্যেন্দ্রনাথ দত্ত (ঘ) জীবনানন্দ

১৬। 'হিমালয় পুত্র' নামে খ্যাত কে ?

(ক) রবীন্দ্রনাথ (খ) উমাপ্রসাদ মুখপাধ্যায় (গ) সত্যজিৎ রায় (ঘ) গোপাল হালদার

একটি বাক্যে উত্তর দাও -- ৭ x ২ = ১৪

১৭। কৈশোরে জগদীশচন্দ্র বসু কোথায় বেড়াতে গিয়েছিলেন এবং সেখানে তাঁর কি হয়েছিল ?

১৮। দেবব্রত কার বই পড়ছিল ?

১৯। 'মার্জারী মহাশয়া বলিলেন, চোরকে ফাঁসি দাও তাহাতেও আমার আপত্তি নাই, কিন্তু তাহার সঙ্গে আর একটি নিয়ম কর'।–কি নিয়ম করার কথা বলা হয়েছে ?

২০। 'আমার মায়ের গয়না ছাড়া ঘরা ফিরবো না'-এখানে 'মায়ের গয়না' বলতে কবি কি বুঝাতে চেয়েছেন ?

২১। 'শরবণ' কে কবি কিসের প্রতীক রূপে তুলে ধরেছেন ?

২২।শোক, মৃত্যু,জরা কখন আসে ?

২৩। রবীন্দ্রনাথেরযে কোন দুটি উপন্যাসের নাম লেখো।

সংক্ষেপে উত্তর দাও ৬ x ৫

= ৩০

২৪। লেখক বলেছেন আচার্য জগদীশচন্দ্র বসুর কর্মজগত বাধায়



বেষ্টিত ছিল – কি ভাবে ? বুঝিয়ে দাও ।

২৫।শয়নকক্ষে ঢুকে উর্মিলা কী দেখল ? এক মুহুর্তের জন্য নিশ্চল হয়ে দাঁড়িয়েই বাপড়ল কেন ?

২৬। গ্রামের সরল,সাধারণ মানুষের মনে দৃঢ় বিশ্বাস তাদের সব সফলতার পেছনে মহাদেবেরই মহিমা কাজ করে। এরকম কয়েকটি নিদর্শন গল্পটিতে রয়েছে। সংক্ষেপে লেখো।

২৭। ভগবান বুদ্ধকে তথাগত কেন বলা হয়েছে ?

২৮। সরলার মায়ের কান্নার কারণ কী ?

২৯। বাংলা কাব্যে কোন কবিকে ছন্দের 'যাদুকর' বলা হয়। তাঁর সম্বন্ধে

সংক্ষেপে লেখো।

নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও :-

৩০। নিচে দেওয়া উপসর্গ যোগে একটি করে শব্দ গঠন কর।

৮

সাব, ব, হৃ, অ, কু, না, প্র, উদ্

৩১। ইংরাজী শব্দগুলি বাংলায় অনুবাদ করো।

৫

Interview, Course, Birthday, Philosophy, Ordinary

৩২। সাধুভাষা থেকে চলিত ভাষায় লেখো।

৫

ক। থাকিয়া থাকিয়া বিদ্যুৎ চমইতেছে।

খ। সে না খাইয়াই চলিয়া গেল।

গ। তোমাদিগের কোন দোষ নাই।

ঘ। বন্ধুর ছবি লইয়া যাইতে চাহিল।

ঙ। মুখ ফিরাইয়া চলিয়া গেল।

৩৩। অনুসর্গ কাকে বলে ? উদাহরণ সহ বোঝাও।

৫

৩৪। একটি ফুটবল কিনে দেবার জন্য প্রধান শিক্ষককে আবেদন পত্র লেখো।

৭

P-18

৩৫। গত নভেম্বর মাসে স্থানীয় রামমোহন রায় সেমিনারী হলে

‘সাক্ষরতা অভিযানে ছাত্র ছাত্রী’দের ভূমিকা নিয়ে একটি আলোচনা সভা হয়েছিল। সভায় বিভিন্ন শিক্ষনম প্রতিষ্টানের ছাত্র ছাত্রীরা ও শিক্ষক প্রতিনিধিরা যোগ দিয়েছিলেন। প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ্ রাম রতন মুখোপাধ্যায়। সভাশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন রামোহন রায় সেমিনারীর প্রধান শিক্ষক অতনু লাহিড়ী।

উপরের অংশটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :- ৫ x ২ = ১০

ক। কোথায় আলোচনা সভা হয়েছিল ?

খ। আলোচনার বিষয় কি ছিল ?

গ। কোন মাসে সভাটি হয় ?

ঘ। সভার প্রধান অতিথি কে ছিলেন ?

ঙ। ধন্যবাদ জ্ঞাপন কে করেন ?

ANSWER SHEET- 3

১। খ। বিড়াল ২। ঘ। মাধুরীলতা ৩। খ। শিমুল গাছের ৪। ক। পরিত্যাজ্য। ৫। গ। অফিসে ৬। খ। জগদীশচন্দ্র বসু। ৭। গ। গৌরীকুন্ডে ৮। ক। ইংরাজী ৯। ক। পূর্বরাগ ১০। খ। তথাগত

১১। ক। বটবৃক্ষ। ১২। ব্রাহ্মণ। ১৩। ঘ। প্রকৃতি। ১৪। ঘ। চিঠি।

১৫। খ। মধুসূদন। ১৬। খ। উমাপ্রসাদ মুখোপাধ্যায়।

১৭। কৈশরে জগদীশচন্দ্র বসু আসামে বেড়াতে গিয়েছিলেন এবং সেখানে তিনি

ম্যালেরিয়া রোগে আক্রান্ত হন।

১৮। দেবব্রত শেলি, ব্রাউনিং, রবীন্দ্রনাথ ও কালীদাসের বই পড়ছিল।

P-19

১৯। যে বিচারক চোরকে সাজা দিবেন তিনি আগে তিনদিন উপবাস করবেন – এই নিয়ম করার কথা মার্জারী মহাশয়া বলেছেন। ২০। ‘মায়ের গয়না’ বলতে কবি স্বদেশের স্বাধীনতার কথা বলেছেন।

২১। শরবন কে কবি নিসর্গের প্রতীক রূপ তুলে ধরেছেন।

২২। শোক, মৃত্যু, জরা পৌঢ়ত্বে আর বার্ধক্যে আসে।

২৩। রবীন্দ্রনাথের উপন্যাস – গোরা এবং শেষের কবিতা ।

২৪। জগদীশচন্দ্র বসুর কর্ম জগৎ বাধায় বেষ্টিত ছিল। তবে সেই বাদাকে নিজের মনের জোরে অতিক্রম করার মনবলও তার ছিল। আর এই মনোবলই তাঁকে জীবনে এগিয়ে নিয়ে গিয়েছিল অনেক দূর। যখন তিনি ডাক্তারি পড়ার জন্য বিলেতে গেলেন তখন বাধা সৃষ্টি করল তার ম্যালেরিয়া রোগে আক্রান্ত শরীর। যথেষ্ট শিক্ষাগত যোগ্যতা থাকা সত্বেও শুধু ভারতীয় হওয়ার অপরাধে দেশে ফিরে তিনি উচ্চপদে চাকরি পাননি।

প্রেসিডেন্সি কলেজে অধ্যাপকের চাকরি গ্রহণ করলেন কিন্তু সেখানেও তার বেতন ছিল একজন ইউরোপীয় বেতনের একতৃতীয়াংশ,তাই তিনি বৈষম্যের প্রতিবাদে বেতন গ্রহণ করলেন না। যখন তিনি তড়িৎ তরঙ্গ নিয়ে গবেষণা করলেন তখনও যন্ত্রপাতি কেনার টাকা তার কাছে ছিল না। আবার যখন প্যারিসের আন্তর্জাতিক পদার্থবিদ্যা সম্মেলনে বললেন যে প্রাণীদের মতো উদ্ভিদেরও প্রাণ আছে। এর প্রতিবাদে সবাই তার বিরোধ করলো কিন্তু তিনি হার মানলেন না, ক্রেস্কোগ্রাফ যন্ত্রের সাহায্যে প্রমান করলেন যে গাছের প্রাণ আছে।

২৫। শয়নকক্ষে ঢুকে উর্মিলা দেখলেন যে কাজের ঝঞ্ঝাটে জানালাগুলো বন্ধ করতে ভুলে গেছে,যার ফলে খাটের সমস্ত  বিছানাগুলো ভিজে গেছে। কি করে সে ভিজা বিছানা শুকাবে এই ভেবে এক মুহুর্তের জন্য নিশ্চল হয়ে দাড়িয়ে পড়লো।

২৬। গ্রামের বিপিন চৌধুরী মহাদেবের কাছে মানত করে মোকদ্দমায় জিতেছে এবং অত বড় বিরাট সম্পত্তির উত্তরাধিকারীহয়েছেন। পালেদের বাড়ির ছেলেটাকে তার মা মহাদেবের মন্দিরে ধরণা দিয়ে তাকে মৃত্যুর হাত থেকে ফিরিয়ে এনেছে।

P-20

মুখুজ্জেদের আজ যে এতবড় পাটের ব্যবসা,তাও মহাদেবের আশীর্বাদে।মহাদেবের কাছে মানত করে হরিহর ঘোষালও লটারিতে টাকা পেয়েছেন।

২৭। তথাগত শব্দটির অর্থ হলো যিনি পরম অবস্থা প্রাপ্ত অবস্থা। সেই অবস্থায় যিনি পৌঁছাতে পেরেছেন, তিনি তথাগত। এ জগৎ

সংসারে ভগবান বুদ্ধের মতো যাঁরা ঋষিতুল্য, তাঁরা ভোগের জীবনেরপ্রতি নিরাসক্ত থাকেন। ত্যাগের মধ্যে,জগৎজনের কল্যাণ কামনায় তাঁরা জীবনের সার্থকতা খুঁজে পান।

২৮। সরলার মা দেশভাগের পর ভিটেমাটি বিক্রি করে বাংলাদেশ ছেড়ে ভারতে চলে আসে । তবুও বন্যায় বিধস্ত বাংলাদেশের দুর্দশার খবর জানাতে পেরে ফেলে আসা পাবনার ঘরবাড়ি, প্রকৃতি, পরিচিত মানুষজন সকলের কথা মনে করে তার চোখ জলে ভরে আসে।

২৯। বাংলা সাহিত্যে ছন্দের যাদুকর সত্যেন্দ্রনাথ দত্তকে বলা হয়। তাঁর (১৮৮২-১৯২২) জন্মস্থান কোলকাতা। পিতৃভূমি বর্ধমান জেলার চুপি গ্রামে। পিতা রজনীনাথ দত্ত,মা মহাময়া দেবী। পিতামহ বাংলা সাহিত্যের বিখ্যাত প্রাবন্ধিক অক্ষয়কুমার দত্ত, মা মহামায়া দেবী। পিতামহ বংলা সাহিত্যের বিখ্যাত প্রাবন্ধিক অক্ষয় কুমার দত্ত।রবীন্দ্র অনুরাগী অথচ রবীন্দ্র অনুসরণ নিরপেক্ষ কবিদের মধ্যে
সর্বশ্রেষ্ঠ বলে সতেন্দ্রনাথ দত্তকে মনে করা হয়। তবে তিনি বিশেষ পরিচিতি লাভ করেন ‘ছন্দের যাদুকর’ বলে। তিনি একদিকে যেমন ভাষার নিজস্ব কাঠামোর মধ্যে নানা বৈচিত্র সৃষ্টি করেছেন অন্যদিকে নানা ছন্দকে বাংলা ছন্দের যথাসম্ভব অনুগামী করে ব্যবহার, তাঁরা আর একটা বড় গৌরব। ‘সবিতা’,বেণু ও বীনা’, ‘কুহু ও কেকা’, ‘অভ্রআবীর’,প্রভৃতি তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ। ‘তীর্থসলিল’ ও ‘তীর্থরেণু’ তাঁর অনুবাদ কবিতার সংকলন।

৩০। সাবজজ, বনাম, হাহুতাশ, অযাচিত, কুমাতা,নামঞ্জুর, প্রতিজ্ঞা,উদ্দাম

P-21

৩১। সাক্ষাৎকার, পাঠক্রম,জন্মদিন, দর্শনশাস্ত্র, সাধারণ

৩২। ক। থেকে থেকে বিদ্যুৎ চমকাচ্ছে।

খ। সে না খেয়েই চলে গেলো।

গ। তোমাদের কোন দোষ নেই।

ঘ। বন্ধুর ছবি নিয়ে যেতে চাইলো।

ঙ। মুক ফিরিয়ে চলে গেল।

৩৩। যে সকল অব্যয় জাতীয় শব্দ বিশষ্য বা সর্বনামের পরে বসে বিভক্তির কাজ করে তাদের অনুসর্গ বলে। যেমন ছেলেটি জন্ম -থেকে কথা বলতে পারে না। এখানে 'থেকে' অনুসর্গ।

৩৪। মাননীয়

প্রধান শিক্ষক মহাশয়

দূর্গাচরণ হাই স্কুল

ভাগলপুর।

বিষয় – খেলার জন্য ফুটবলের ব্যবস্থা

মহাশয়,

আমিই আপনার বিদ্যালয়ের দ্বাদশ শ্রেণির ছাত্র। আমার আপনার কাছে একটি বিশেষ অনুরোধ এই যে টিফিনের সময় আমাদের স্কুলের মাঠটিও ফুটবল খেলার উপযুক্ত। কিন্তু আমাদের কাছে কোন ফুটবল খেলতে চাই।

তাই অপনার কাছে আমার একান্ত অনুরোধ আমাদের সব ছাত্রের জন্য একটি ফুটবল কেনার ব্যবস্থা করে দিন। এজন্য আমরা আপনার কাছে বাধিত থাকবো।

আপনার আজ্ঞাকারী

তারিখ-২০-১২-২০১৬ তন্ময় অধিকারী

দশম শ্রেণী, রোল নম্বর-
১১

৩৫। ক। রামমোহন রায় সেমিনারীতে আলোচনা সভা হয়েছিল।

খ। আলোচনার বিষয় ছিল –‘সাক্ষরতা অভিযানে ছাত্র ছাত্রীদের ভূমিকা’।

গ। সভাটি গত নভেম্বর মাসে হয়।

ঘ। সভার প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ্ রামরতন মুখোপাধ্যায়

ঙ। ধন্যবাদ জ্ঞাপনকরেন রামমোহন রায় সেমিনারীর প্রধান শিক্ষক অতনু লাহিড়ী।

# बिहार विद्यालय परीक्षा समिति, पटना

## वर्ष 2017 का मॉडल प्रश्न पत्र एवं उत्तरमाला

**BANGLA**

**Set-IV**

SET-4

সঠিক উত্তরটি লেখ ---- ১৬ x

১ = ১৬

১। বিড়াল প্রবন্ধটির রচনাকার কে ?

(ক) রবীন্দ্রনাথ (খ) শরৎচন্দ্র (গ) বনফুল (ঘ) বঙ্কিমচন্দ্র

২। ভারতে জাতীয় সংহতির প্রয়োজন কেন ?

(ক) বিভেদ সৃষ্টি করতে (খ) ঐক্য সৃষ্টি করতে (গ) জাতিভেদ সৃষ্টি করতে (ঘ) ধর্মভেদ সৃষ্টি করতে।

৩। বলাইকে কাকা শিমূলের চারার বদলে কেন গাছের চারা এনে



দেওয়ার কথা বলেছিল ?

(ক) আম (খ) গোলাপ। (গ) রজনীগন্ধা (ঘ) গাঁদা

৪। দীপনারায়ণ-সিং-এর স্ত্রীর নাম কী ?

(ক) রোকেয়া (খ) মাধুরীলতা (গ) অনুরূপা (ঘ) লিলিয়ান

৫। 'আচার্য জগদীশ চন্দ্র বসু' পাঠটি কে লিখেছেন ?

(ক) রাজেন্দ্র অবস্তি (খ) বনফুল (গ) গৌতম বসু মল্লিক (ঘ) চিত্রাদেব

৬। কোন ঋতুতে 'বেদনার বিভিন্নতা গল্পের পটভূমিটি গড়ে উঠেছে?

(ক) শরৎ (খ) বর্ষা (গ) গ্রীষ্ম (ঘ) শীত

৭। বন্দরঘাঁটির পরের চড়াই –এর নাম কী ?

(ক) শিবঘাঁটি (খ) ভৈরব ঘাঁটি (গ) দূর্গাঘাঁটি (ঘ) নোঙরঘাঁটি

৮। 'যাদুবিদ্যার ইতিহাসে একদিন তোমারও নাম লেখা হবে সমরেশ' – একথা কে বলেছিল ?

(ক) সুশীল (খ) অমরেশ (গ) মহিম (ঘ) আদিনাথ

৯। কালিয়া বন্ধুর সঙ্গে কবি কার নব পরিচয়ের কথা বলেছেন ?
(ক) শকুন্তলা (খ) রাধা (গ) শ্রীকৃষ্ণ (ঘ) মাধুরীলতা
১০। চতুর্দশপদী  কবিতাকে আর কি নামে জানা যায় ?
(ক) রূপক (খ) সনেট (গ) অলংকার (ঘ) গীতিকাব্য
১১। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কবিতা কোনটি ?
(ক) গান (খ) স্পর্শমণি (গ) বটবৃক্ষ (ঘ) জন্মভূমি
১২। 'গান' কবিতায় কবি কার বন্দনা করেছেন ?
(ধনতন্ত্রের (খ) সাম্যবাদের (গ) স্বদেশের (ঘ) দরিদ্রের
১৩। 'যদি তুমি বৃষ্টি' আনার মন্ত্র ভুলে যাও/ তোমার স্বদেশ তাহলে মরুভূমি' – কোন কবি একথা বলেছেন ?
(ক) বীরেন্দ্র চট্টোপাধ্যায় (খ) রবীন্দ্রনাথ (গ) বনফুল (ঘ) আল মাহমুদ


১৪। 'গীতাঞ্জলির'র রচয়িতা কে ?
(ক) রবীন্দ্রনাথ (খ) নবীন চন্দ্র সেন (গ) মধুসূদন (ঘ) বনফুল
১৫। অমিত্রাক্ষর ছন্দের জনক কে ?
(ক) বুদ্ধদেব বসু (খ) প্রমথ চৌধুরী (গ) মধুসূদন দত্ত (ঘ) জীবনানন্দ
১৬। 'বহুবিধবা প্রথা রোধ করতে কার অবদানকে অস্বীকার করা যায় না ?
(ক) রবীন্দ্রনাথ (খ) দেবেন্দ্রনাথ (গ) বিদ্যাসাগর (ঘ) রামমোহন রায়
একটি বাক্যে উত্তর দাও :- ৭ x ২ = ১৪
১৭। বেলা কার নাম ? কে তাকে এ নামে ডাকতেন ?
১৮। বিপিন চৌধুরী মহাদেবের কাছে মানত করে কি পেয়েছিল ?

১৯। বহুকাল থেকেই বিহার বাংলার লোকেরা দক্ষিণ ভারতে তীর্থ করতে গেছে, তখন ভাষার বিভিন্নতার জন্য কোন অসুবিধা হয়নি, কেন ?

২০। কে ভিক্ষা করে পাওয়া শস্যে খুশী হন ?

২১। 'বিরতি আহারে'কথাটির অর্থ কী ?

২২। 'শ্রীকান্ত' উপন্যাসটি কার লেখা ?

২৩। বাংলা ভাষায় রামায়ণ কে অনুবাদ করেছিলেন ?

সংক্ষেপে উত্তর দাও :- ৬ x ৫ = ৩০

২৪। লেখকের মতে বিপদে পড়লে অশিক্ষিত ও শিক্ষিত লোকেরা ভগবানকে কিভাবে স্মরণ করে ?

২৫। মধুরীলতা সম্বন্ধে কিছু বলো।

২৬। 'আমি প্রথানুসারে মার্জারকে বলিলাম'-কে কোন প্রথানুসারে কি বলিলেন ?

২৭। 'জন্মভূমি আজ' কবিতাটিতে কবি কি বলতে চেয়েছেন ? তোমার ভাষায় লেখো।

P-25

২৮। 'নোলক' কবিতায় কবি তাঁর মায়ের হারানো অলংকারের খোঁজে প্রথমে কার কাছে গেলেনন ? সেখানে কবি কী উত্তর পেলেন?

২৯। পদকর্তা চন্ডীদাস সম্বন্ধে লেখো।

নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও:-

৩০। নিচে দেওয়া উপসর্গ যোগে একটি করে শব্দ গঠন করো।

৮

গর, বি, নিম্, অব, দুর, অভি, অনা, ভর

৩১। ইংরেজীশব্দগুলি বাংলায় অনুবাদ কর :-

৫

Commerce,Exmination,
Handkerchief,Chargesheet,Database

৩২। সাধুভাষা থেকে চলিত ভাষায় লেখো :-

৫

ক। একখানি চিঠি হাতে করিয়া আসিল।

খ। স্বামীকে আহারের জন্য ডাকিলেন।

গ। আপনাদিগকে ধন্যবাদ জানাইতেছি।

ঘ। আমাদিগের কালো চামড়া দেখিয়া ঘৃণা করিও না।

ঙ। তাহারা একসঙ্গে আহারে বসিল।

৩৩। উপভাষা কয় প্রকার ? প্রতেকের নাম লেখো।

৫

৩৪। রাস্তায় আলোর ব্যবস্থার জন্য বিদ্যুৎ বিভাগীয় প্রধানের কাছে আবেদন পত্র লেখো।

৭

৩৫। বৃহত্তর বাংলার রাজনৈতিক বিভাজন যে বাংলার আত্মার বিভাজন নয়, অস্বীকার করা যায় না। রাজনীতি তথা রাষ্টীয়-বলয়ের বাইরে আবহমান কালের বাংলা ও বাঙালিচেতনা স্বতন্ত্র অবস্থানে দাঁড়িয়ে আত্মবিকাশের পথ খুঁজে নিয়েছে। লক্ষ করবার বিষয়, বংলায় তিনজন

শ্রেষ্ঠ কবি রবীন্দ্রনাথ, নজরুল এবং জীবনানন্দ ক্রমশ বিভাজিত দুই বাংলার মধ্যে গভীর সংযোগ স্থাপন করেছেন।

উপরের অংশটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:- ৫ x ২ = ১০

ক। লেখক কোন বিভাজন স্বীকার করেননি ?

P-26

খ। বাংলা ও বাঙালি চেতনা কিভাবে আত্মবিকাশের পথ খুঁজে নিয়েছে।

গ। বাললার তিনজন শ্রেষ্ঠ কবি কে ?

ঘ। কবিগণ কী করেছিলেন ?

ঙ। এই তিনজন কবির মধ্যে ‘বিদ্রোহী কবি’ বলে আমরা কাকে চিনি ?

## ANSWER SHEET- 4

১। ঘ। বঙ্কিমচন্দ্র ২। খ। ঐক্য সৃষ্টি করতে ৩। খ। গোলাপ ৪। ঘ। লিলিয়ান ৫। গৌতম বসু মল্লিক ৬। খ। বর্ষা ৭। খ। ভৈরব ঘাঁটি ৮। ক। সুশীল ৯। খ রাধা ১০। খ। সনেট ১১। খ। স্পর্শমণি ১২। গ। স্বদেশের ঘ। ১৩। ক। বীরেন্দ্র চট্টোপাধ্যায় ১৪। ক রবীন্দ্রনাথ

১৫। গ মধুসূদন দত্ত ১৬। গ বিদ্যাসাগর

১৭। বেলা মাধুরীলতারই আর এক নাম। কবি পিতা রবীন্দ্রনাথ তাকে এ নামে ডাকতেন।

১৮। বিপিন চৌধুরী মহাদেবের কাছে মানত করে মোকদ্দমায় জিতেছিল এবং  বিরাট সম্পত্তির উত্তরাধিকারী হয়েছিল।

১৯। আমাদের দেশের ভাষাগুলির মধ্যে কোন না কোন মিল আছে, তাই ভাষার বিভিন্নতা কোন অসুবিধা সৃষ্টি করে না।

২০। ভগবান বুদ্ধ ভিক্ষা করে পাওয়া শস্যে খুশী হন।

২১। বিরতি আহারে শব্দটির অর্থ- উপবাসে।

২২। শ্রীকান্ত উপন্যাসটির রচয়িতা শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

২৩। বাংলা ভাষায় রামায়ণ অনুবাদে করেন কৃত্তিবাস ওঝা

২৪। শিক্ষিত এবং অশিক্ষিত সমস্ত লোকেরা স্বার্থসিদ্ধির জন্য ভগবানের শরণাপন্ন হয়। এদের মধ্যে কউই মাদ লোক নয়। কেননা বিশ্বাসের সঙ্গে তর্ক বা লজিকের কোন সম্পর্ক নেই। তাই বোধহয় বলা হয়েছে ‘বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে বহু

দূর’। অশিক্ষিত লোকের তুক-তাক, মাদুলি, তাবিজ, হোম স্বস্ত্যয়ন প্রভৃতির মাধ্যমে নিজের কার্যসিদ্ধি করতে চায়। আবার তথাকথিত শিক্ষিত সমাজের লোকেরাও ভগবানের ঘটা করে পূজোর মাধ্যমে ভগবানকে খুব দিতে পিছপা হন না।

২৫। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের বড় মেয়ে মাধুরীলতা। বাড়ির বড় আদরের ‘বেলা’। ঠাকুরবাড়ির অন্যান্য মেয়েদের মতোই রূপে, ব্যবহারে, শিক্সায়, সংস্কৃতিতে, সাহিত্যে, অভিনয়ে,বেশভূষায়,রুচিতে,শিল্পচর্চায়,এক আদর্শ চরিত্র। গৃহুণীপনাতেও নিপুণ। সবইকে নিজের গুণে আপন করে নিতে পারতেন। এর সঙ্গেযুক্ত হয়েছিল তাঁর সমাজ সংস্কারক মন। মজ:ফরপুরে থাকাকালীন সেখানকার মেয়েদের শিক্ষিত করার কাজে বিশিষ্ট ভূমিকা নিয়েছিলেন। লেখিকা অনুরূপা দেবীর সঙ্গে গড়ে তুললেন ‘লেডিজ কমিটি’ প্রতিষ্ঠা করলেন একটি গার্লস স্কুল ‘চ্যাপমান বালিকা বিদ্যালয়’। কন্তু তাঁর কাজ সম্পূর্ণ হওয়ার আগেই তিনি কলকাতায় ফিরে এসেছিলেন।

২৬। ‘বিক্ত লোকের মত এই যে,যখন বিচারে পরাস্ত হইবে, তখন গম্ভীরভাবে উপদেশ প্রদান করিবে’- এই প্রথা অনুসারে কমলাকান্ত বিড়ালকে বলিলেন,’এসকল অতি নীতি বিবুদ্ধ কথা কথা ইহার আন্দোলনেও পাপ আছে। তুমি এ সকল দুশ্চিন্তা পরিত্যাগ করিয়া ধর্মাচরণে মন দাও।

২৭। ‘জন্মভূমি আজ’ কবিতাটিতে কবি মাটি ও মানুষের প্রতি দায়বদ্ধ থাকতে বলছেন। অন্ধকার, বুকের উপর কঠিন পাথরের মতো চেপে বসেছে, চারিদিকে সংকট ঘনিয়ে এসেছে। কিন্তু সেই সংকট মানুষের মনের সাহসকে যেন পরাভূত করতে না পারে, একথা দৃপ্ত কন্ঠে কবি

ঘোষণা করেছেন। কবি আশাবাদী, তিনি জানেন, মানুষই পারে রুক্ষ, শুষ্ক মরুভূমি সদৃশ স্বদেশকে ফলবতী করে তুলতে। কবি মাটি ও তৎসংলগ্ণ মানুষের নিবিড় ঐক্যের কথা বলেছেন।

২৮। 'নোলক' কবিতায় কবি তাঁর মায়ের হারানো অলংকারের খোঁজে প্রথমে নদীর কাছে গেলেন। নদী তার শরীর ছুঁতে দেয়নি, বোয়াল মাছ ভরা তার শরীর

P-28

এই অজুহাতে। কিন্তু স্বাধীনতা রূপী নোলককে খুঁজে পেতেই হবে কবিকে। তাই তিনি দিশাহারা হয়ে, ব্যাকুল চিত্তে দেশের স্বাধীনতা ফিরিয়ে আনার জন্য সর্বত্র খুঁজে ফিরিয়ে আনার জন্য সর্বত্র খুঁজে ফিরেছেন নোলকরূপী স্বাধীনতাকে।

২৯। বাংলা সাহিত্যে একাধিক চণ্ডীদাসের সন্ধান পাওয়া যায়। একজন বড়ু

চন্ডীদাস চৈতন্য পূর্বযুগের কবি। অন্যান্যরা চৈতন্য সমসাময়িক যুগের। বর্তমান

পদের রচয়িতা চন্ডীদাস চৈতন্য সমসাময়িক কবি বলে অনুমিত।এঁর জন্মস্থান

বীরভূমের নান্নুর গ্রাম। জন্মকাল নিয়ে মত পার্থক্য আছে। চৈতন্য জীবণীগ্রন্থে

উল্লেখ আছে চন্ডীদাস প্রমুখ কাব্যের পদাবলী আস্বাদন করে শ্রীচৈতন্য আনন্দ

লাভ করতেন। চন্ডীদাসের পদগুলি সহজ,সরল অথচ গভীর ভাবে মাধুর্যপূর্ণ।

তাঁর পদে শ্রীরাধার আকুলতা প্রাণবন্ত হয়ে উঠেছে।

৩০। হরবাজি, বিফল, নিমকুল, অবকাশ, দুর্গতি, অভিমান, অনাবৃষ্টি, ভরপুর

৩১। বানিজ্য, পরীক্ষা, রুমাল, অভিযোগপত্র, তথ্যভান্ডার,

৩২। ক। একখানি চিঠি হাতে করে আসল।

খ। স্বামীকে খেতে ডাকলেন।

গ। আপনাদের ধন্যবাদ জানাচ্ছি।

ঘ। আমাদের কালো চামড়া দেখে ঘৃণা কোর না।

ঙ। তারা একসঙ্গে খেতে বসলো।

৩৩। উপভাষা পাঁচ প্রকার –

ক। রাঢ়ি উপভাষা।

খ। ঝাড়খন্ডি উপভাষা।

গ। বরেন্দ্রী উপভাষা।

ঘ। বঙ্গালি উপভাষা।

ঙ। কামরুপী উপভাষা

৩৪। মাননীয় পৌরপ্রধান,



মীনাবাজার পৌরসভা,

কাটিহার।

বিষয় – রাস্তায় আলোর ব্যবস্থার জন্য।

মহাশয়, সবিনয় নিবেদন এই যে আমরা কাটিহার জেলার সরকার লেনের

বাসিন্দা। আমাদের এই লেনে বিদ্যুৎ সরবরাহ নিয়মিত হয়ে থাকে কিন্তু

রাস্তায় আলোর কোন ব্যবস্থা নেই, য়ার জন্য প্রতিদিনই আমাদের নানা

অসুবিধায় পড়তে হয়।

তাই আপনাদের কাছে আমার বিনীত নিবেদন আমাদে পাড়ার

রাস্তায় আলোর ব্যবস্থা যথাশীঘ্র করা হোক।

নমস্কারান্তে

তারিখ ১৯-১০-২০১৬ অমিয় হালদার,সরকার লেন, কাটিহার

৩৫। ক। বৃহত্তর বাংলার রাজনৈতিক বিভাজন যে বাংলার আত্মার বিভাজন

নয়, লেখক তাকে স্বীকার করেননি।

খ। রাজনীতি তথা রাষ্ট্রীয় বলয়ের বাইরে আবহমান কালের বাংলা ও

বাঙালি চেতনা স্বতন্ত্র অবস্থানে দাঁড়িয়ে আত্মবিকাশের পথ খুঁজে

নিয়েছে।

গ। বাংলার তিনজন শ্রেষ্ঠ কবি রবীন্দ্রনাথ,নজরুল, এবং জীবনানন্দ।

ঘ। কবির বিভাজিত দুই বাংলার মধ্যে গভীর সংযোগ স্থাপন করেছেন।

ঙ। আমরা কাজী নজরুল ইসলামকে বিদ্রোহী কবি বলে থাকি।

# बिहार विद्यालय परीक्षा समिति, पटना

**वर्ष 2017 का मॉडल प्रश्न पत्र एवं उत्तरमाला**

**BANGLA**

**Set-V**

SET - 5

P-30

সঠিক উত্তরটি লেখো :- ১৬ x ১ = ১৬

১। 'বিড়াল' প্রবন্ধটিতে কমলাকান্ত কোন সমাজের প্রতিনিধি

(ক) ধনী (খ) দরিদ্র (গ) মধ্যবিত্ত (ঘ) নিম্ন মধ্যবিত্ত

২। 'মার্জার' কথাটির অর্থ কী ?

(ক) বিড়াল (খ) গরু (গ) ছাগল (ঘ) ময়ূর

৩। আমাদের ভাষাগুলি পরস্পরের ------------ ।

(ক) অনাত্মীয় (খ) আত্মীয় (গ) বিভেদ সৃষ্টি কারী

৪। কাকির কাছে বলাইয়ের প্রতিরূপ কী ছিল ?

(ক) গোলাপ গাছ (খ) বলাইয়ের লেখা চিঠি (গ) শিমুল গাছ (ঘ) বলাইয়ের কাকা

৫। 'বৃথা চেষ্টায় নিজেকে ক্ষুব্দ কোরো না'- কথাটি কার ?

(ক) রবীন্দ্রনাথ (খ) মাধুরীলতা (গ) প্রিয়নাথ সেন (ঘ) বিহারীলাল

৬। একলব্য কোন বংশের কুমার ?

(ক) যদুবংশের (খ) ক্ষত্রিয় বংশের (গ) ভীল বংশের (ঘ) ব্রাহ্মণ বংশের

৭। 'ধাপ্পা' গল্পটি কার লেখা ?

(ক) সত্যেন্দ্রনাথ দত্ত (খ) সত্যজিৎ রায় (গ) চিত্রাদেব (ঘ) রাজশেখর বসু

৮। উমাপ্রসাদ মুখোপাধ্যায় লিখিত পাঠটির নাম কী ?

(ক) 'ধাপ্পা' (খ) জাতীয় সংহতি (গ) প্রার্থনা (ঘ) মণিমহেশ

৯। ‘নিরন্নের দেশ সাজাবার ভার নিয়েছে’ – পংক্তিটি কোন কবিতার ?

(ক) তথাগত (খ) নিসর্গের দূরত্ব (গ) নোলক (ঘ) চিঠি

১০। কোন কবিতাটিতে মা ও মাতৃভূমিকে সমার্থক রূপে দেখানো হয়েছে ?

(ক)  নোলক (খ) চিঠি (গ) গান (ঘ) বটবৃক্ষ

১১। বৃন্দাবনের নদীতীরে কে নামজপে মগ্ন ছিলেন ?

(ক) ব্রাহ্মণ (খ) জীবন (গ) কবি (ঘ) সনাতন

১২। পায়ে-জোরে তার কোন ফুল সৌন্দর্য বৃদ্ধি করে ?

P-

31

(ক) যুঁই ফুল (খ) চাঁপা ফুল (গ) –ফুল (ঘ) শিউলি ফুল

১৩। ‘জন্মভূমি আজ’ কবিতায় কবি ভালবাসার ফসল ফলাতে কাকে আহ্বান জানিয়েছেন ?

(ক) বিদেশীদের (খ) মানুষকে (গ) পাখিকে (ঘ) নারীদের

১৪। ‘সোনার তরী’ কয়ব্যগ্রন্থটি  কার লেখা ?

(ক) রবীন্দ্রনাথ (খ) জীবনানন্দ (গ) মধুসূদন (ঘ) বনফুল

১৫। ‘দুহিতা’ শব্দের অর্থ কী ?

(ক)কন্যা (খ) স্ত্রী (গ) বোন (ঘ) মা

১৬। ‘শ্রীকান্ত’ উপন্যাসটির রচয়িতা কে ?

(ক) বঙ্কিমচন্দ্র (খ) শরৎচন্দ্র (গ) রবীন্দ্রনাথ (ঘ) নজরুল

একটি বাক্যে উত্তর দাও:- ৭ x ২ =

১৪

১৭। বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন মেয়েদের জন্য প্রধান কোন কাজটি

করেছিলেন ?

১৮। কোন নীতিকে অবলম্বন করা ভারতবাসীর তপস্যা হবে ?

১৯। শিমুল গাছের চারাটি বলাই-এর কাকা কেন কাটতে চেয়েছিলেন ?

২০। সরলার মায়ের কান্নার কারণ কী ?

২১। 'আবার আসিব ফিরে' কবিতাটি কোন ধরণের কবিতা ?

২২। পক্ষপাতহীন বলে সাধনা মুখোপাধ্যায় মনে করেন ?

২৩। বঙ্কিমচন্দ্র চট্টোপদধ্যায়র যে কোন দুটি উপন্যাসের নাম লেখো।

সংক্ষেপে উত্তর দাও:- ৬ x ৫ = ৩০

২৪। কমলাকান্ত বিড়ালকে পাঠ করার জন্য কোন কোন গ্রন্থ্ দিতে চেয়েছিলেন?

২৫। দৃঢ় বিশ্বাসী নীলমণি দমলো না কেন ?

২৬। সংক্ষেপে মণিমহেশের অপরূপ সৌন্দর্যের বর্ণনা কর।

২৭। বিরহিণী রাধার বর্ণনা কর।

P-32

২৮। বাংলার প্রকৃতির মাঝে কবি বার বার কোন কোনরূপে ফিরে আসতে চেয়েছেন ?

২৯। কোন উদ্দেশ্য নিয়ে কবি 'তথাগত'কবিতাটি লিখেছেন বলে তোমার মনে হয় ?

নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও :-

৩০। নিচে দেওয়া উপসর্গ যোগে একটি করে শব্দ গঠন করো।

(৮)

হেড, উপ, ফুল, সু, ঘাস, বদ, সাব, অনু

৩১। নিচের শব্দগুলির পরিবর্তিত রূপ লেখো।

(৫)

থাকয়ে,  সণে, হৈল, গেরাম, আইসো

৩২। ইংরাজি শব্দগুলি বাংলায় অনুবাদ করো।

(৫)

Objection, Blackmail, Forensic, Autonomous body, Ambulance

৩৩। সাধুভাষা থেকে চলিত ভাষায় লেখো।

(৫)

(ক) ঘন্টাধ্বনি নিনাদিত হইল ।

(খ) আমাদিগের কালো চামড়া দেখিয়া ঘৃণা করিও না ।

(গ) তাহাকে খুঁজিয়া পাইতেছে না।

(ঘ) আমাদিগকেও বাঁচিতে দাও।

(ঙ) মাছ দেখিয়া নৃত্যকালী রাগিয়া উঠিল।

৩৪। এলাকার জল নিকাশের সুষ্ঠু ব্যবস্থা চেয়ে পৌর প্রধানের কাছে একটি

পত্র লেখো।

(৭)

৩৫। সাহিত্যের অঙ্গনে যার ললাটে জীবন দেবতা স্বয়ং অমরতার শুভ্র টীকা

এঁকে দিয়েছিলেন , তিনি বিভূতিভূষণ বন্দোপাধ্যায় (১৮৯৪-১৯৫০)
।

তিনি কোন ধর্মপালনের মাধ্যমে নন, সহজাত চেতনাতেই আধ্যাত্মিক ছিলেন।

বিভূতিভূষণ ৫৬ বছর মাত্র জীবিত ছিলেন। ১৯২৯ খ্রি: তাঁর প্রথম ও অন্যতম

শ্রেষ্ঠ রচনা 'পথের পাঁচালী' প্রকাশিত হয়।

P-33

উপরের অংশটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :- ৫ x ২ = ১০

ক। জীবন দেবতা কার কপালে অমরতার শুভ্রটীকা এঁকেছিলেন ?

খ। বিভূতিভূষণের জন্ম কোন সালে ?

গ। বিভূতিভূষণের আধ্যাত্মিকতার স্বরূপ কী ?

ঘ। তিনি কত বছর জীবিত ছিলেন ?

ঙ। তাঁর শ্রেষ্ঠ রচনা কোনটি ?

# ANSWER SHEET

১। ক ধনী ২। ক বিড়াল ৩। খ আত্মীয় ৪। গ শিমুলগাছ ৫। ক
রবীন্দ্রনাথ ৬। গ
ভীল বংশের ৭। খ সত্যজিৎ রায় ৮। মণিমহেশ ৯। খ নিসর্গের দূরত্ব
১০। ক নোলক ১১। ঘ সনাতন ১২। গ লবঙ্গ ফুল ১৩। খ মানুষকে ১৪।
ক রবীন্দ্রনাথ
১৫। ক কন্যা ১৬। খ শরৎচন্দ্র
১৭। বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন মেয়েদের শিক্ষিত করার মত একটি প্রধান কাজ করেছিলেন।
১৮। বৈচিত্রের মধ্যে ঐক্যের স্থাপনা – এই নীতিকে অবলম্বন করা ভারতবাসীর
তপস্যা হবে।
১৯। শিমুল গাছের চারাটি বাগানের খোওয়া – দেওয়া রাস্তার মাঝখানে উঠে অসুবিধার সৃষ্টি করছিল বলে বলাই-র কাকা গাছটি কাটতে চেয়েছিলেন।
২০। পাকিস্তানে বন্যার খবর শুনে তার চোখ জলে ভরে গিয়েছিল,সেখানকার তাঁর
পরিচিত মানুষজনদের কথা ভেবে।
২১। 'আবার আসিব ফিরে' একটি চিত্রধর্মী কবিতা।
২২। সময়কে পক্ষপাতহীন বলে সাধনা মুখপাধ্যায় জানিয়েছেন।
২৩। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস হলো- আনন্দমঠ ও কপালকুন্ডলা।

২৪। কমলাকান্ত বিড়ালকে পাঠ করার জন্য নিউমান ও পার্করের গ্রন্থ দিতে চেয়েছিলেন। সেইসঙ্গে কমলাকান্তের দপ্তরও। কারণ এই বইগুলি পড়লে তার কিছু উপকার হতে পারে। তবে আর কিছু হোকবানা হোক অফিসের অসীম মহিমা

সম্পর্কে সে নিশ্চয় বুঝতে পারবে।

২৫। সনাতন পুরে মহাদেবকে কেন্দ্র করে বৈশাখী পূর্ণিমাতে যে প্রকান্ড উৎসব হয়,

সেদিন গ্রামের কেউ একজন পাগল হয়ে যায়। কিন্তু যাদবের মুখ থেকে গ্রামের চন্ডীমন্ডপেবসা মানুষরা যখন শুনতে পারলো গ্রামের কেউ পাগল হয়নি তখন দৃঢ়বিশ্বাসী নীলমণি একথা মানতে পারলো না। তাঁর বিশ্বাস, কেউ পাগল নিশ্চয় হয়েছে, শুধু তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না। মহাদেবের মাহাত্ম্য নিষ্প্রভহতেই পারেনা। সেই পাগলকেই নীলমণি বৈশাখের নিদারুণ দ্বিপ্রহরে খুঁজে বেড়াচ্ছিল।

২৬। মণিমহেশ-শিখর-সবার মধ্যে বিরাজ করেও আলাদা। উন্নত-শির-ধ্যান গম্ভীর

ত্রিকোন আকৃতি ,যেন শিবলিঙ্গ। শিখরের গায়ে কোথাও তুষার, কোথাও বা পাথর। যেন পূজাশেষে শ্বেতপদ্ম ও বিল্ব পত্রের পুষ্পাঞ্জলির নিদর্শন পাথরগুলিও এমন বিচিত্রভাবে সাজানো যেন শিখরেরগায়ে সহস্র ত্রিশূল গাঁথা। কোথাও যেন

জীবজন্তুর আকার। সূর্যের আলোয় রূপার অলঙ্কারে সজ্জিত-দেহ গিরিরাজ মণিমহেশ উজ্জ্বল হয়ে বিরাজ করেন। চারিদিকে স্বর্গীয়অনুপম শোভা।

এই অপরূপ সৌন্দর্য মানুষকে অসীমের মাঝে হারিয়ে যেতে যেন বাধ্য করে। এই অপরূপতার কাছে পৃথিবীর সুখ-দু:খ, আশা-আকাঙ্খা,ধন-সম্পদ,যশ,মান-অভিমান সবকিছুই নিরর্থক বলে মনে হয়। সুগভীর প্রশন্নচিত্তে আদর উজ্জ্বল হয়ে উঠে।

২৭।‘বিরহিণী রাধা’ কবিতাটি চন্ডীদাসের পূর্বরাগ পর্যায়ের এক অনবদ্য কবিতা। কবিতাটিতে শ্রীকৃষ্ণ দর্শনে বিভোর শ্রীরাধা নির্জনে একাকী বসে থাকেন। কারও

কোন কথা শুনতে পাননা। কি যেন এক অব্যক্ত ভাবে সর্বদা বিভোর হয়ে থাকেন। যোগিনীর মতো রাঙা বেশ তাঁর। চুল এলোমেলো। শুধু একদৃষ্টে কখনো মেঘের পানে,কখনো  ময়ূর-ময়ূরীর দিকে দৃষ্টি রেখে শ্রীকৃষ্ণরই রূপদর্শন করেন।

P-35

২৮। কবি জীবনানন্দ দাশ রূপসী বাংলাকে নিবিড়ভাবে ভালবাসেন। বাংলার প্রকৃতির সঙ্গে তাঁর জীবন যেন অচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ হয়ে আচে। মৃত্যুর পরেও কবি সেইবন্দনাকে চিন্ন করতে চান না। নানারূপে বার বার তিনি এই বংলায় ফিরে আসতে চান। কখনো ধানসিড়ির তীরে শঙখচিল-শালিকের বেশে, কখনো ভোরের  হয়ে কুয়াশার বুকে ভেসে এই কার্তিক নবান্নের দেশে, কাঁঠালের ছায়ায় ফিরে আসতে চান। তিনি হাঁস হয়ে এদেশের কলমীর গন্ধভরা জলে সারাদিন ভাসতে চান। কবি সুদর্শন পাখির বেশে সন্ধ্যার আকাশে উড়তে চেয়েছেন। তিনিও লক্ষ্মী পেঁচা হয়ে সিমুলের ডালে ডাকতে চেয়েছেন। তিনি শিশু হয়ে এখানের ঘাসে খইয়ের

ধান ছড়াতে চেয়েছেন।তিনি সদা বক হয়ে রাঙা মেঘে অন্ধকারে নীড়ে ফিরে আসতে চেয়েছেন।

২৯। মোহময় রাজ সিংহাসন,পরিবারের সুখ, আমোদ-প্রমোদে ভরা রাজ স্বাচ্ছন্দ্য

সব ছেড়ে সিদ্ধার্থ বেছে নিয়েছিলেন তথাগতের রূপ। নির্বাণ বা মুক্তি ছিল তাঁর লক্ষ্য। শুধু ভোগ নয়, ত্যাগের মধ্যেও যে আনন্দ আছে, তার অনুভতি, জগৎবাসীর কল্যাণের মহৎ আকাঙ্খা এবং সেইসঙ্গে , মহামানবের জীবন থেকে আমরা যে অনুপ্রেরণা লাভ করি – এই সব উদ্দেশ্যকে সঙ্গে নিয়ে কবি ‘তথাগত’ কবিতাটি লিখছেন বলে মনে হয়।

৩০। হেড অফিস, উপল, ফুলমণি, সুকণ্ঠ, খাসলোক, বদমেজাজী, সাবজজ, অনুবাদ।

৩১। থাকে, জন্য, হলো, গ্রাম, এসো।

৩২। আপত্তি, কালো হুলমকি, বিচার-সহায়ক, স্বশাসিত সংস্থা, সেবাযান।

৩৩। ক। ঘন্টাধ্বনি বাজল ।

খ। আমাদের কাল চামড়া দেখে ঘৃণা কর না।

গ। তাকে খুঁজে পাচ্ছে না।

ঘ। আমাদেরকেও বাঁচতে দাও।

P-36

ঙ। মাছ দেখে নৃত্যকালী রেগে উঠল।

৩৪। মাননীয় পৌর প্রধান,

মিনার পৌর সভা,

গুলজারবাগ ।

বিষয়  -- এলাকার জল নিকাশের  সুষ্ঠ ব্যবস্থার সম্বন্ধে ।

সবিনয় নিবেদন,

আমরা আপনার পুর সভা এখানকার রাস্তাগুলো বেশ নীচু, ফলে বর্ষার সময় জলের তলায় ডুবে যায়। অন্যান্য সময়ও জল নিকাশের ভাল ব্যবস্থা না থাকায় জায়গা জায়গায় জল জমে যায়। ফলে নানারকম অসুবিধাতে পরতে হয়।

তাই এলাকার জল নিকাশের জন্য যদি আপনি অনুগ্রহ করে একটি দীর্ঘ মেয়াদি পরিকল্পনা গ্রহণ করেন এবং তার রূপায়ণে প্রয়োজনীয় ব্যবস্থা নেন, তাহলে আমরা বিশেষ বাধিত হব।

১৪।১২।২০১৬ নমস্কারান্তে

গুলজারবাগ, নরেন দেব

পাটনা সিটি

৩৫। ক। জীবন দেবতা বিভূতি ভূষন বন্দোপাধ্যায়ের কপালে অমরতার শুভ্র টীকা এঁকেছিলেন।

খ। বিভূতি ভূষণের জন্ম ১৮৯৪ খৃষ্টাব্দে।

গ। কোন ধর্মপালনের মাধ্যমে নয় সহজাত চেতনাই ছিল তাঁর আধ্যাত্মিকতার স্বরূপ।

ঘ। তিনি ছাপান্ন বছর মাত্র জীবিত ছিলেন।

ঙ । ‘ পথের পাঁচালী ‘ তাঁর শ্রেষ্ঠ রচনা।

---------------------------------------------------------------------

# बिहार विद्यालय परीक्षा समिति, पटना

**वर्ष 2017 का मॉडल प्रश्न पत्र एवं उत्तरमाला**

**BANGLA**

**Set-VI**

SET – 6

সঠিক উত্তরটি লেখো :- ১৬ x ১ = ১৬

১। 'মার্জার' কাকে বলে ?

(ক) গরু (খ) মাছি (গ) বিড়াল (ঘ) কুকুর

২। ------কে রক্ষা করা ভারতবাসীর তপস্যা হওয়া উচিত ?

(ক) জাতীয় সংহতি (খ) জাতির ঐক্য (গ) একতা (ঘ) উপরোক্ত সবকটি

৩। মাধুরীলতার বিয়ের জন্য পাত্র খোঁজার ভার কার উপর পড়ল ?

(ক) রবীন্দ্রনাথ (খ) প্রিয়নাথ সেন (গ) শরৎ চন্দ্র (ঘ) বিহারীলাল

৪। 'বলাই' গল্পটি কার লেখা ?

(ক) শরৎচন্দ্র (খ) বঙ্কিমচন্দ্র (গ) রবীন্দ্রনাথ (ঘ) রাজশেখর বসু

৫। 'সকল ধর্মকেই আমরা সত্য বলিয়া বিশ্বাস করি' – কে বলেছেন ?

(ক) বিবেকানন্দ (খ) রামকৃষ্ণ দেব (গ) চিত্রা দেব (ঘ) রবীন্দ্রনাথ

৬। জীবনানন্দ দাশ লিখিত কবিতাটির নাম কী ?

(ক) তথাগত (খ) নিসর্গের দূরত্ব (গ) আবার আসিব ফিরে (ঘ) চিঠি

৭। আচার্য জগদীশ চন্দ্র বসু কে ছিলেন ?

(ক) নাট্যকার (খ) কবি (গ) বিজ্ঞানী (ঘ) রাজনৈতিক নেতা

৮। 'কমলাকান্তের দপ্তর' কার লেখা ?

(ক) রবীন্দ্রনাথ (খ) বঙ্কিমচন্দ্র (গ) বনফুল (ঘ) সত্যজিৎ রায়

৯। জয়দেবের জন্মস্থানের নাম কী ?

(ক) কেঁদুলি (খ) সোনাগাঁও (গ) বেজগাঁ (ঘ) কহলগাঁও

১০ রাজ সিংহাসন ছেড়ে কে ভিক্ষার পথ খুঁজে নিয়েছিলেন ?

(ক) সনাতন (খ) বুদ্ধ(সিদ্ধার্থ) (গ) ব্রাহ্মণ (ঘ) বিদ্যাসাগর

P-38

১১। ‘যে ধনে হইয়া ধনী মণিরে মান’না মণি/তাহারি খানিক/ মাগি আমি নত শিরে’ কোন কবিতার লাইন ?

(ক) বটবৃক্ষ (খ) গান (গ) পর্শমণি (ঘ) নোলক

১২। গান কবিতায় কবি ধূলাকে কিসের চেয়ে খাঁটি বলেছেন ?

(ক) হীরা (খ) রূপা (গ) মানিক (ঘ) সোনা

১৩। ‘নোলক’ কবিতাটিতে সবুজ চুল কার ?

(ক) মাটির (খ) পাহাড়ের (গ) গাছের (ঘ) ফুলের

১৪। ‘নিসর্গের দূরত্ব’ কবিতাটির কে লিখেছেন ?

(ক) সাধনা মুখোপাধ্যায় (খ) আল মহমুদ (গ) মনীন্দ্র রায় (ঘ) সৌমিত্র চট্টোপাধ্যায়

১৫। ‘বনলতা সেন’ কাব্যগ্রন্থটি কার ?

(ক) জীবেন্দ্র সিংহ রায় (খ) জীবনানন্দ (গ) বনফুল (ঘ) চিত্রা দেব

১৬। চলচ্চিত্রাভিনেতা রূপে কোন কবি বিপুল খ্যাতি লাভ করেছেন ?

(ক) রবীন্দ্রনাথ (খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (গ) দীনেশ রায় (ঘ) সৌমিত্র

চট্টোপাধ্যায়

একটি বাক্যে উত্তর দাও:- ৭ x ২ =

১৪

১৭। সাগর বক্ষ থেকে মণিমহেশ কত ফুট উঁচু ?

১৮।বলাই-র বাবা বলাইকে কোথায় নিয়ে গেলেন ?

১৯। স্নাতক হওয়ার পর জগদীশ চন্দ্র বসু কার ইচ্ছাতে এবং কেন বিলেত
যান ?

২০।‘জীবকুল-হিতৈষিণী’ কথাটির অর্থ কী ?

২১। মধুকরী কাকে বলা হয় ?

২২। গান কবিতায় কবি কিসের বন্দনা করেছেন ?

২৩।বাংলা সাহিত্যের দুজন নাট্যকারের নাম বল ।

P-39

সংক্ষেপে উত্তর দাও :- ৬ x ৫ =৩০

২৪। কোন ঘটনা একলব্যকে শ্রেষ্ঠ ধনুর্বিদ প্রমানিত করেছিল ?

২৫। জগদীশ চন্দ্র কোন কলেজে কিসের চাকরি পান ?চাকরি তিনি নিলেন
কিন্তু বেতন গ্রহণ করলেন না কেন ?

২৬।‘কিন্তু স্কুলিঙ্গ দাবানলে পরিণত হবার আগেই পট পরিববর্তন হয়’।–একথা
চিত্রা ধেব কেন বলেছেন ?

২৭। রূপকথার রাজকন্যাকে ঘুম পাড়াবার ও জাগাবার জন্য সোনার কাঠি ও রূপার কাঠি স্পর্শ করান হতো। এই কবিতায় সোনার কাঠি ও রূপার কাঠির
উল্লেখ কোন বর্ণনার পরিপ্রেক্ষিতে পাওয়া যায় লেখো।

২৮। ‘নিসর্গের দূরত্ব’ কবিতাটির পাঠ সম্পর্কে লেখো।

২৯। জীবনানন্দ দাশ সম্পর্কে যা জানো লেখো।

নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও:-

৩০। নিচে দেওয়া উপসর্গ যোগে একটি করে শব্দ গঠণ করো।

(৮)

হর, ফি, গর, অপি, আ, অপ, নির্, সন্

(৫)

৩১। ইংরেজি শব্দগুলি বাংলায় অনুবাদ করো।

Network, Blackmoney, Attested, Annual, Character

৩২। সাধু ভাষা থেকে চলিতভাষায় লেখো।

(৫)

ক। খাইতে দাও – নহিলে চুরি করিব।

খ। আমি আর সহ্য করিতে পারিলাম না।

গ। ধর্ম তাহাদিগকে প্রতিপালন করিতেছে।

ঘ। প্রখর রৌদ্রে চতুর্দিক পুড়িয়া যাইতেছে।

ঙ। চিঠি ডাকে ফেলিয়া আসিলাম।

৩৩। উপসর্গ কাকে বলে ? সংস্কৃত উপসর্গের উদাহরণ দাও ।

(৫)

P-40

৩৪। বাংলা ভাষা পড়ানোর জন্য বিদ্যালয়ে কোন শিক্ষক নেই। প্রধান শিক্ষককে এই অসুবিধা দূর করার জন্য একটি আবেদন পত্র লেখ।

৩৫। ভুবনের মাসিকে ঐখানে আনা হল এবং ভুবনকে দেখে তিনি উচ্চ:স্বরে
কাঁদতে কাঁদতে তার কাছে গেলেন। ভুবন বলল, মাসি, এখন আর কেঁদে কি হবে। কাছে এসো, কানে কানে তোমায় একটা কথা বলবো। মাসি কাছে গেলে
ভুবন তার কানের কাছে মুখ নিয়ে গেল জোরে কামড়ে দাঁত দিয়ে একটা কান
কেটে দিল। পরে সে ভৎর্সনা করে বললো, মাসি, তুমিই আমার এ ফাঁসির কারণ।

উপরের অংশটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :- ৫ x ২ = ১০

ক। কার মাসিকে আনা হোল ?

খ। ভুবনকে দেখে কে কাঁদছিল ?

গ। মাসিকে কাছে ডেকে ভুবন কী করলো ?

ঘ। ভুবন কাকে ভৎর্সনা করলো ?

ঙ। ভুবন কাকে তার ফাঁসির কারণ বলে বললো ?

ANSWER SHEET

১। গ। বিড়াল ২। ঘ। উপরোক্ত সব কটি ৩। খ। প্রিয়নাথ সেন ৪।
গ। রবীন্দ্র
নাথ ৫। ক। বিবেকানন্দ ৬। গ। আবার আসিব ফিরে ৭। গ। বিজ্ঞানী
৮। খ।
বঙ্কিমচন্দ্র ৯। ক। কেঁদুলি ১০। খ। বুদ্ধ (সিদ্ধার্থ) ১১। গ। স্পর্শমণি
১২। ঘ। সোনা ১৩। গ। গাছের ১৪। ঘ। সৌমিত্র চট্টোপাধ্যায় ১৫। ঘ।
জীবনানন্দ

১৬। ঘ।সৌমিত্র চট্টোপাধ্যায়

১৭। সাগর বক্ষ থেকে মণিমহেশ ১৮,৬৫৪ ফুট উঁচু।

১৮। বলাই-র বাবা বলাইকে প্রথমে সিমলা, তারপর বিলেতে নিয়ে যাবেন।

১৯। স্নাতক হওয়ার পর জগদীশচন্দ্র বসু তার বাবার ইচ্ছাতে ডাক্তারি



পড়ার জন্য বিলেত যান।

২০। ‘জীবকুল হিতৈষিণী’ কথাটির অর্থ হলো –জীবকুলের মঙ্গল সাধনে ইচ্ছুক।        ২১। মৌমাছি যেমন ফুলে ফুলে সংগ্রহ করে, তেমনি দ্বারে দ্বারে ভিক্ষা গ্রহণ করাকে (অন্তত পাঁচটি গৃহ থেকে সংগ্রীত ভিক্ষা) মাধুকরী বলে।

২২। গান কবিতায় কবি স্বদেশের বন্দনা করেছেন।

২৩। বাংলা সাহিত্যের দুজন নাট্যকার হলেন – দ্বিজেন্দ্রলাল রায় ও রবীন্দ্রনাথ ঠাকুর ।

২৪। একদিন যখন একলব্য ধনুর্বিদ্যার অভ্যাস করছিল এখন হঠাৎ একটি কুকুর এসে সেখান থেকে সরতে চাইছিলল না এবং তার চিৎকারে একলব্যের
অভিনিবেশ ভেঙে যাচ্ছিল। তখন সে শব্দভেদী বাণ ছুঁড়ে কুকুরের মুখ এফোঁড়
ওফোঁড় সেলাসই সেলাই করে দিলে বাণবিদ্ধ কুকুর অস্থির হয়ে সেখান থেখে ছুটে চলে গেল। এই ঘটনাটি একলব্যকে শ্রেষ্ঠ ধনুর্বিদ প্রমানিত করেছিল।

২৫। জগদীশচন্দ্র বসু প্রেসিডেন্সি কলেজে পদার্থবিদ্যার অস্থায়ী অধ্যাপকের চাকরি পান। কিন্তু এ চাকরির তিনি বেতন গ্রহণ করলেন না, কারণ তাকে বেতন দেওয়া হতো একজন ইউরোপীয়র বেতনের এক তৃতীয়াংশ মাত্র। এই
বৈষম্যের জন্য তিনি তিন বছর বিনা বেতনে কাজ করছেন। শেস পর্যন্ত কর্তৃপক্ষ হার মেনে তাকে বাকেয়া-সহ সঠিক বেতন দিতে বাধ্য হলেন।

২৬। মজ:ফরপুরে থাকাকালীন মাধুরীলতা সেখানকার মেয়েদের শিক্ষার আলো
দেখতে চেয়েছিলেন। তাদের জন্য ‘চ্যাপম্যান বালিকা বিদ্যালয়’ খুলেছিলেন। বাড়ি বাড়ি গিয়ে শিক্ষার জন্য সবাইকে উদ্বুদ্ধ করতে চাইলেন। তাঁর এই চেষ্টায়
যখন মজ:ফরপুরের দরজা একটু একটু করে খুলতে লাগলো,ঠিক সেই সময়

মাধুরীলতা মজ:ফরপুর ছেড়ে কলকাতায় ফিরে এলেন। তিনি যদি সেখানে বেশিদিন থাকতেন তাহলে সমাজ সেবিকা রূপে পরিচিত হতেন এবং সেখানকার মেয়েদের শিক্ষার ক্ষেত্রে এগিয়ে আনতে পারতেন।

P-42

২৭। রূপকথায় সোনার কাঠি রাজকন্যার মাথার কাছে থাকতো, যার স্পর্শে রাজকন্যা জেগে উঠতো। আবার পায়ের কাছের রূপোর কাঠির স্পর্শে রাজকন্যা
ঘুমিয়ে পড়তো, ঠিক সেইভাবেই পূর্বদিকের সূর্যদয়ে সূর্যের আলোর স্পর্শে আমাদের ঘুম ভাঙে। আবার পশ্চিমদিকে যখন চাঁদ ওঠে, তার জ্যোৎস্নায় স্নিগ্ধ
আলোকে আমরা ঘুমের রাজ্যে ঢ়লে পড়ি। কবির স্বদেশ প্রেমএভবেই প্রকৃতির
সঙ্গে একাকার হয়ে গেছে।

২৮। 'নিসর্গের দূরত্ব' কবিতাটি সৌমিত্র চট্টোপাধ্যায়ের লেখা একটি সুন্দর কবিতা। আমাদের দেশের বিরাট সংখক মানুষ এক সীমাহীন দারিদ্র্যের মধ্যে
বাস করছে। নিসর্গের কাছে অরণ্যের বনদরে বসবাস তাদের জীবন ধারণের
বাধ্যবাধকতা। সাধারণ মানুষ নিসর্গ প্রকৃতির সৌন্দর্যের দিকেই আকর্ষিত হয়। অথচ সেই নিসর্গে বসবাসকারী দরিদ্র মানুষদের কাছে কেউ পৌঁছতে পারে না।

কবিতার মানুষটির সংকল্প গ্রাম্য পরিবেশের ছোঁয়াচ গায়ে জড়িয়ে ঐ মানুষদের
কাচে যাওয়া শুরু করবেন। হয়তো এই দীর্ঘ পথ পার হতে তার পুরো জীবনটাই লেগে যাবে। তবু 'দোলাই গায়ে দেওয়া', 'খড়ি ওঠা' সেই মানুষের
কাছে পৌঁছাবার এই সংকল্প তাকে জীবন সত্যের অনুভূতি এনে দেয়।
২৯। রবীন্দ্র পরবর্তী যুগের সর্বশ্রেষ্ঠ কবি বলে পরিচিত জীবনানন্দ দাশের
(১৮৯৯-১৯৫০) জন্ম পূর্ববঙ্গের বরিশালে। রবীন্দ্র প্রভাবমুক্ত আধুনিক যুগের
কবিরা এঁকে অনুসরণ ও অনুকরণ করেছেন। তাঁর কাব্যে নিসর্গ চেতনা, ইতিহাস-চেতনা, প্রেম-চেতনা সমন্বয়ী রূপ পরিগ্রহ করে কবিতাকে নতুন মাত্রা
দিয়েছে। তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ 'ঝরাপালক' 'ধূসর পান্ডুলিপি', 'বনলতা সেন','মহাপৃথিবী', রূপসী বাংলা, 'সাতটি তারার তিমির'প্রমুখ। ইনি মননশীল
রসগ্রাহী প্রবন্ধও লিখছেন। তাঁর কবিতার আঙ্গিক ও ভাষাশৈলী সম্পূর্ণ মৌলিক
ও অভিনব। তাঁর কবিতা কবিতা বিদেশী ভাষায় অনূদিত হয়ে উচ্চ প্রশংসা লাভ করেছে।

৩০। হাপ্রত্যাশ, ফিরোজ, গরম, অপিনিহিত, আগুন, অপকার, নির্ভয়, সংগ্রহ।

৩১। জালবিন্যাস, কালোটাকা, প্রত্যয়িত, বার্ষিক, চরিত্র

৩২। ক। খেতে দাও-নইলে চুরি করবো।

খ। আমি আর সহ্য করতে পারলাম না।

গ। ধর্ম তাদেরকে প্রতইপালন করছে।

ঘ। প্রথম রোদে চারিদিক পুড়ে যাচ্ছে।

ঙ। চিঠি ডাকে ফেলে আসলাম।

৩৩। যে সকল বর্ণ বা বর্ণসমষ্টি ধাতুর আগে যুক্ত হয়ে ধাতুর আর্থ পরিবর্তন
করে কিংবা ধাতুর অর্থকে বিশিষ্টতা দাশ করে তাকে উপসর্গ বলে।
সংস্কৃত উপসর্গের উদাহরণ ----- প্র, পরা, অপি, আ,  অধি, প্রভৃতি।

৩৪। মাননীয়,
প্রধান শিক্ষক,
বেলদা উচ্চ বিদ্যালয়,
বেতিয়া।

বিষয়- বিদ্যালয়ে বাংলা ভাষার শিক্ষক নিযুক্তির জন্য।

মহাশয়,

সবিনয় নিবেদন এই যে আমাদের বিদ্যালয়ে প্রতিটি শ্রেণিতেই
বাংলা শিক্ষক না থাকার জন্য আমাদের পড়ায় বিঘ্ন ঘটে। তারফলে পরীক্ষাফল ভালো হয় না।

তাই আপনার কাছে আমাদের একান্ত অনুরোধ যত তাড়াতাড়ি সম্ভব বাংলা ভাষা ও সাহিত্য পড়াবার জন্য শিক্ষক নিযুক্ত করা হোক, যাতে

আমরা ভালকরে এগিয়ে যেত পারি। এজন্য আপনার কাছে আমরা বাধিত থাকব।

২২।০৯। ২০১৬ আপনার আজ্ঞাকারী

বেতিয়া বেলা তালুকদার

P-

44

দ্বাদশ শ্রেণী, রোল নম্বর-

০২

৩৫। ক। ভুবনের মাসিকে ডাকা হোল।

খ। ভুবনকে দেখে ভুবনের মাসি কাঁদছিল।

গ। মাসিকে কাছে ডেকে ভুবন তার কানের কাছে মুখ এনে একটা

কান দাঁত দিয়ে কেটে দিল।

ঘ। ভুবন তার মাসিকে ভৎর্সনা করলো।

ঙ। ভুবন তার মাসিকে তার ফাঁসির কারণ বলে বললো।

---

# बिहार विद्यालय परीक्षा समिति, पटना

**वर्ष 2017 का मॉडल प्रश्न पत्र एवं उत्तरमाला**

# BANGLA

## Set-VII

SET – 7

সঠিক উত্তরটি লেখো :- ১৬ x ১ = ১৬

১। বিড়াল নিজের খিদে অনুসারে কি খাওয়ার কথা বিবেচনা করবে বলেছে ?

(ক)নদুধ (খ) দই (গ) হাঁড়ি (ঘ) মাছ

২। 'গুরুদক্ষিণা' কে অনুবাদ করেন ?

(ক) রাজেন্দ্র অবস্তি (খ) মহাসশ্বেতা দেবী (গ) মহাদেবী বর্মা (ঘ) আশাপূর্ণা দেবী

৩। ভারতবর্ষে ক্ষুদ্র বৃহৎ সকলের কিসে সমান অধিকার ?

(ক) শিক্ষা (খ) ধন-সম্পত্তি (গ) খাওয়া (ঘ) খেলা

৪। বলাই-র জন্য চোখের জল ফেলত কে ?

(ক) মাসি (খ) ঠাকুমা (গ) দিদিমা (ঘ) কাকিমা

৫। 'বাঙালী মেয়েরা গৃহিণীপনায় খুব পটু' – কোন পাঠে একথাটি আছে ?

(ক) মাধুরীলতা (খ) প্রার্থনা (গ) জাতীয় সংহতি (ঘ) বলাই

৬। 'বসু বিজ্ঞান মন্দির' কত সালে প্রতিষ্ঠিত হয় ?

(ক) ১৯১৭ (খ) ১৯১৬ (গ) ১৯১৫ (ঘ) ১৯১৮

৭। কোন মাসে 'বেদনার বিভিন্নতা' গল্পের পটভূমি গড়ে উঠেছে ?



(ক) বৈশাখ (খ) শ্রাবণ (গ) আশ্বিণ (ঘ) মাঘ

৮। 'ধাপ্পা' কথাটির সঠিক অর্থ কী ?

(ক) ফাঁকি দেওয়া (খ) মজা করা (গ) শাস্তি দেওয়া (ঘ) বিদায় দেওয়া

৯। স্পর্শমণি কে কুড়িয়ে পেয়েছেন ?

(ক) সনাতন (খ) ব্রাহ্মণ (গ) রবীন্দ্রনাথ (ঘ) ডুবুরি

১০। কার দু'চোখ জলে ভরে উঠলো ?

(ক)  কবির (খ) নিরন্ন মানুষদের (গ) গ্রামবাসীর (ঘ) শহুরে মানুষদের

১১। 'মধুর চেয়েও মধুর' বলতে কবি কাকে বুঝিয়েছেন ?

(ক) মধু (খ) দেশের মাটি (গ) গঙ্গার জলে (ঘ) শীতল পাটি

১২। হৃত স্বাধীনতাকে ফিরে পাওয়ার ব্যকুলতা কোন কবিতায় ফুটে উঠেছে ?

(ক) নোলক (খ) জন্মভূমি আজ (গ)বর্চিঠি (ঘ) বটবৃক্ষ

১৩। 'জন্মভূমি আজ' কবিতাটির কবি কে ?

(ক) সৌমিত্র চট্টোপাধ্যায় (খ) সাধনা মুখপাধ্যায় (গ) আল্‌মাহমুদ (ঘ) বীরেন্দ্র

চট্টোপাধ্যায়

১৪। কোন কাব্যগ্রন্থের জন্ম রবীন্দ্রনাথ নোবেল পুরস্কার পান ?

(ক) সোনার তরী (খ) বলাকা (গ) গীতাঞ্জলি (ঘ) চিত্রা

১৫। 'বনফুল' কার ছদ্মনাম ?

(ক) বলাই চাঁদ মুখপাধ্যায় (খ) রাজশেখর বসু (গ) পমথ চৌধুরী (ঘ) রবীন্দ্রনাথ

১৬। বিহারের ভাগলপুরে কে জন্মগ্রহণ করেন ?

(ক) বঙ্কিমচন্দ্র (খ) শরৎচন্দ্র (গ) আশালতা সিংহ (ঘ) রবীন্দ্রনাথ

একটি  বাক্যে উত্তর দাও :-                                        ৭ x ২ = ১৪

১৭। লেখক কেন বলেছেন বাড়ির ছাদগুলি  যেন গেরুয়া চাদরে ঢ়াকা ?

১৮। ‘ঐ খামিয়াড়াকে বলো না, আমার ঐ গাছগুলো যেন না কাটে’- কে কাকে একথা বলেছে ?

P-46

১৯। ইহুদি জাতি ভারতের কোন প্রান্তে আশ্রয় নেয় ?

২০। তথাগত কাকে বলা হয় ?

২১। কালিয়া বন্ধুর সঙ্গে কবি কার নব পরিচয়ের কথা বলেছেন ?

২২। বাংলা ভাষায় মহাভারত কে অনুবাদ করেন?

২৩। রবীন্দ্র পূর্ববর্তী দজন সাহিত্যিকেরবনাম লেখো।

সংক্ষেপে উত্তর দাও :- ৬ x ৫ = ৩০

২৪। বলাইয়ের কাকি দু’দিন অন্ন গ্রহণ করলেন না কেন?

২৫ মাধুরীলতার স্বামী শরৎ সম্বন্ধে যা জানো লেখো ।

২৬। ‘তাহার বদলে মনে চিন্তা জাগিতেছে’- কার বদলে মনে কোন চিন্তা জাগছে বলে ‘বেদনার বিভিন্নতা গল্পে জানা যায়।

২৭। ‘নিসর্গের দূরত্ব’ কবিতাটির নামের সার্থকতা বোঝাও।

২৮। তথাগত কবিতাটিতে কবি কি বলতে চেয়েছেন, নিজের ভাষায় লেখো।

২৯। মহাশ্বেতা দেবী সম্পর্কে সংক্ষেপে লেখো।

নিচের প্রশ্নগুলির যথযথ উত্তর দাও : –

৩০। নিচে দেওয়া উপসর্গ যোগে একটি করে শব্দ গঠন কর :-

(৮)

দূর, পাতি, স, বি, সু, অধি, অতি, উপ

৩১। ইংরেজী শব্দগুলি  বাংলায় অনুবাদ কর।

(৫)

Accountant, Television, Language, Chemistry, Certificate

৩২। সাধুভাষা থেকে চলিত ভাষায় লেখ।

(৫)

ক। কাপড়ের দোকান খুলিলেন।

খ। তিনি কিছুই অনুভব করেন নাই।

গ। তাহাকে দুগ্ধ খাইতে দাও।

ঘ। তাহারা কোথাও যায় নাই।

ঙ। তাহাকে তিন দিন উপবাস করিতে হইবে।

P-47

৩৩। মিশ্র ভাষা কাকে বলে? উল্লেখ যোগ্য চারটি মিশ্রভাষার নাম লেখ।  (৫)

৩৪। তোমাদের ক্লাসে ঠিকমতো বসার জায়গা নেই- এই সমস্যার কথা জানিয়ে

প্রধান শিক্ষককে একটি পত্র লেখো।

(৭)

৩৫। পাঠশালার ছুটির পর বাড়ি গিয়ে গোপাল পড়ার বইগুলি ভাল জায়গায় রাখে। তারপর কাপড়-জামা ছেড়ে হাত-পা মুখ ধোয়।

গোপালের মা যা-কিছু খাবার দেন গোপাল তাই খায়।তারপর নিজের ভাই বোনদের সঙ্গে খেলাধূলা করে। সে কখনও লেখাপড়ায় অবহেলা করে না। স্কুলের পড়াগুলি বাড়িতে
এসে আবার ভাল করে পড়ে।

উপরের অংশটি পড়ে নিজের প্রশ্নগুলির উত্তর দাও:- ৫ x ২ =১০

ক। গোপাল কোথা থেকে বাড়ি আসে ?

খ। তারপর সে কী করে ?

গ। গোপাল কাদের সঙ্গে খেলা করে ?

ঘ। সে কিসে অবহেলা করে না ?

ঙ। সে ভালো করে কী পড়ে ?

ANSWER SHEET

১। হাঁড়ি ২। খ মহাশ্বেতা দেবী ৩। ক শিক্ষা ৪। ঘ। শ্রাবণ ৫। ক মাধুরীলতা

৬। ক ১৯১৭ ৭। খ শ্রাবণ ৮। ক ফাঁকি দেওয়া ৯। ক সনাতন ১০। কবির

অন্তরসত্ত্বা ১১। খ দেশের মাটি ১২। ক নোলক ১৩। ঘ বীরেন্দ্র চট্টোপাধ্যায়

১৪। গ গীতাঞ্জলি ১৫। ক বলাইচাঁদ মুখোপাধ্যায় ১৬। গ আশালতা সিংহ

১৭। হাড়্‌সার গ্রামের সব বাড়ির ঢালু ছাদের উপর ভুট্টা শুকায়। ভুট্টার গেরুয়া রঙ যেন গেরুয়া চাদরের মতো মনে হয়।

১৮।কথাগুলি বলাই তার কাকিকে বলেছে।

১৯। ইহুদি জাতি দক্ষিণ ভারতে আশ্রয় নেয়।

P-48

২০। ভগবান বুদ্ধকে তথাগত বলা হয়।

২১। কালিয়া বন্ধুর সঙ্গে শ্রীরাধার নব পরিচয়ের কথা কবি বলেছেন।

২২। বাংলা ভাষায় কাশীরাম দাস মহাভারত অনুবাদ করেন।

২৩। রবীন্দ্র পূর্ববর্তী দুজন সাহিত্যেক হলেন মাইকেল মধুসূদন দত্ত ও বঙ্ককিমচন্দ্র চট্টোপাধ্যায় ।

২৪। বলাই সিমলে থেকে তার কাকিমাকে চিঠিতে লিখেছিল তার শিমুলগাছের

একটা ফটোগ্রাফ যেন পাটিয়ে দেন। কাকি বলাইয়ের কাকাকে যখন একথা বললেন তখন তিনি জানতে পারলেন গাছটিতো কাটা হয়ে গেছে।গাছটি বলাইয়ের যেমন সবচেয়ে প্রিয় ছিল,তেমনি বলাই তার বাবার কাছে চলে যাবার পর ঐ গাছটিই ছিল কবির কাছে।বলাইয়ের প্রতিরূপ,তারই প্রাণের দোসর।তাই গাছটি কেটে ফেলার কথা শুনে কাকি দুদিন অন্ন গ্রহণ করলেন না।

২৫। শরৎ, বাংলা সাহিত্যের বিখ্যাত কবি বিহারীলাল চক্রবর্তীর ছেলে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের কৃতী ছাত্র। দর্শনে অনার্স নিয়ে প্রথম শ্রেণিতে প্রথম হয়ে পেয়েছেন কেএশব সেন স্বরণপদক। তারপর মোটাল এ্যান্ড মরাল সায়েন্সে এম.এ.। তাতেও প্রথম স্হানের অধিকারী । এরপর ওকালতি পাশ করেছেন। মজ:ফরপুরে প্র্যাকটিস করতে এসেছিলেন নিজে সমাজ সংস্কারক ছিলেন না কিন্তু স্ত্রী মাধুরীলতারকাজে কোনদিন বাধা দেবার চেষ্টা করেননি।

২৬। শর্মিলা চিঠিতে ঊর্মিলাকে লিখেছিল এই বর্ষার দিনে রবীন্দ্রনাথের কবিতা পড়তে ইচ্ছা করে বা বর্ষার মেঘ দেখে তার বিরহী বক্ষ, অলোকাপুরীর কথা
মনে পড়ে কিন্তু ঊর্মিলার মাথায় এখন এসবের কিছুই আসছে না। তার বদলে মনে চিন্তা জাগছে ধোপা কেন আসেনা, ভিজা বিছানা কেমন করে শুকাবে, শুকনো কাঠ কয়লা না পেলে উনুন কেমন করে জ্বালাবে ? পরিস্হিতির বিভিন্নতায় বর্ষা বেদনা দুই বন্ধুর মনে সম্পূর্ণ বিপরীত প্রভাব ফেলতে পারে তাই আমরা এখানে দেখতে পাই।

২৭। নিসর্গ প্রকৃতির দুটি রূপ আছে। একটি তার সৌন্দর্য আর অন্যটি কঠিন বাস্তব। নিসর্গ প্রকৃতির সৌন্দর্যের দিকটাই সকলকে আকর্ষণ করে। অথচসেই নিসর্গে বসবাসকারী দরিদ্র মানুষদের কাছে কেউ পৌছাতে পারে না। কবিতার মানুষটির সংকল্প নিসর্গের কাছাকাছি পৌছোবার গ্রাম্যপরিবেশের ছোঁয়াগায়ে জড়িয়ে নিয়ে তার পথচলা শুরু হবে। হয়তো দীর্ঘ পথ পার হতে তার পুরো
জীবনটাই লেগে যাবে। তবু 'দোলাই গায়ে দেওয়া' 'খড়ি ওঠা' সেই মানুষদের
কাছে পৌছবার এই সংকল্প তাকে জীবন সত্যের অনুভূতিএনে দেয়।আর এখানেই 'নিসর্গের দূরত্ব' কবিতাটির নামের সার্থকতা।

২৮। এ জগৎ সংসারে ঋষিকল্প পুরুষের মধ্যে ভোগবাদী জীবনের প্রতি অনিহা
ও ব্যক্তিগত সকল সুখ স্বাচ্ছন্দ্য থেকে নিজেকে সরিয়ে রাখার প্রবণতা লক্ষিত হয়। এনারা হলেন ত্যাগের মূর্ত বিগ্রহ। একমাত্র জগৎবাসীর কল্যানের মধ্যে
মুক্তির স্বাদ গ্রহণ করেন। এরকমই মহাপুরুষ হলেন বুদ্ধ। মোহময় রাজসিংহাসন,পরিবারের সুখ, আমোএদ-প্রমোদ ভরা রাজ স্বাচ্ছন্দ্য সব ছেরে সিদ্ধার্থ বেচে নিয়েছিলেন তথাগতের রূপ। নির্বাণ বা মুক্তিই ছিল তার লক্ষ্য। ভোগে নয়,ত্যাগেই আনন্দের প্রকৃত উপলব্ধি। বিশ্বের মঙ্গল কামনায় তথাগতের
জীবন দর্শন সমৃদ্ধ হয়ে উটেচে ফুলের সৌরভের মতো। নির্বাণ লাভের আনন্দেইতাঁর পূর্ণতা।

২৯। মহাশ্বেতা দেবী বাললা কথা সাহিত্যের অগ্রণী লেখিকা। সাহিত্য আকাদেমি, ভারতীয় জ্ঞানপীঠ পুরস্কার, ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন।

বহু বিচিত্র বিষয় নিয়ে লিখলেও সমাজের অবজ্ঞত অবহেলিত আদবাসী সমাজের মর্মস্পর্শী কহিনীকার হিসেবে সুপরিচিত।‘বর্তিকা’ নামে একটি সমাজ সমীক্ষা মূলক পত্রিকার সম্পাদনাকরেন। আদিবাসী সমাজের মনোন্নয়ের প্রচেষ্টায় তাঁর খ্যাতি ভারতের বাইরেও ছড়িয়ে পড়েছে। মানবাধিকার রক্ষার প্রশ্নে তিনি আপোষহীন। বহুমুখী

P-50

প্রতিভার অধিকারী তিনি। বাংলা স্কুল পাঠ্য-পুস্তক প্রণয়নে তাঁর সাফল্য তর্কাতীত। অনুবাদক হিসেবেও তিনি তাঁর দক্ষতার পরিচয় রেখেছেন।

৩০। দূরগামী, পাতিলেবু, সরব, বিকল, সুভাষ, অধিকার, অতিশয়, উপাচার্য

৩১। হিসাবরক্ষক, দূরদর্শণ, ভাষা, রসায়নশাস্ত্র, প্রমানপত্র

৩২। ক। কঅপড়ের দোকান খুললেন।

খ। তিনি কিছুই অনুভব করেননি।

গ। তাকে দুধ খেতে দাও।

ঘ। তারা কোথাও যায়নি।

ঙ। তাকে তিনদিন উপবাস করতে হবে।

৩৩। প্রয়োজনের তাগিদে দুটি সম্পূর্ণ ভাবে ভিন্ন ভাষা সম্প্রদায় সাময়িক অথবা

স্থায়ীভাবে সহাবস্থান করার ফলে পারস্পরিক মেলামেশার কারণে এক ধরণের কাজ চালানো গোছের সরল ও সংক্ষিপ্ত বাক্‌রীতির সৃষ্টি করে।এরকম ভাষাকে বলে মিশ্রভাষা।

উল্লেখযোগ্য চারটি মিশ্রভাষা হল-

ক। বীচ-লা-মার (Beach-La-Mar)

খ। পিজিন- বা- পিজিন ইংরেজি (Pidgin/Pidgin English)

গ। মরিশাস ক্রেওল (Mauritius Creole)

ঘ। চিনুক (Chinook Jargon)

৩৪। মাননীয়

প্রধান শিক্ষক,

সুবলচন্দ্র বালিকা বিদ্যালয়

সাহারসা ।

বিষয়- ক্লাসে বসার ব্যবস্থা সম্পর্কে ।

মহাশয়,

P-51

সবিনয় নিবেদন এই যে আমাদের ক্লাসের ছাত্র ছাত্রী সংখ্যা ক্লাসরুমের তুলনায় অনেক। তাই ঠিকমত বসে ক্লাস করতে অসুবিধা হয়।

আপনার কাছে আমাদের অনুরোধ যে বিদ্যালয়ের কোন অন্য বড় ক্লাসের ব্যবস্থা যদি আমাদের জন্য করে দেন তাহলে আমরা খুবই উপকৃত হবো এবং আপনার কাছে বাধিত থাকবো।

৩০।১১।২০১৬ আপনার

বিশ্বাসভাজন

অন্তরা ঘোষ

দ্বাদশ শ্রেণী

রোল নম্বর -১৪।

৩৫। ক। গোপাল পাঠশালা থেকে বাড়ি  আসে।

খ। তারপর গোপাল কাপড়-জামা-ছেড়ে হাত-পা –মুখ-ধোয়।

গ।গোপাল নিজের ভাই বোনদের সঙ্গে খেলাধূলা করে।

ঘ। সেকখনও লেখাপড়ায় অবহেলা করে না।

ঙ।স্কুলের পড়াগুলি সে ভালো করে পড়ে ।

# बिहार विद्यालय परीक्षा समिति, पटना

**वर्ष 2017 का मॉडल प्रश्न पत्र एवं उत्तरमाला**

**BANGLA**

**Set-VIII**

SET- 8

সঠিক উত্তরটি লেখ :- ১৬ x ১ = ১৬

১। কমলাকান্তের জন্য দুধ কে রেখে গিয়েছিল ?

(ক) প্রসন্ন গোয়ালিনী (খ) নসীরামবাবু (গ) গৃহকর্তা (ঘ) বিড়াল

২। 'বলাই' গল্পটি কার লেখা ?

(ক) রবীন্দ্রনাথ (খ) বনফুল (গ) রাজশেখর বসু (ঘ) দীনবন্ধু

৩। ভাগলপুরের মেয়েদের দুরবস্থা দূর করার জন্য এগিয়ে এসেছিলেন কে ?

P-52

(ক) মাধুরীলতা (খ) অঘোরকামিণী রায় (গ) রোকেয়া সাখাওয়াত (ঘ) অনুরূপা দেবী

৪। উৎসবের বিভিন্ন বিষয় নিয়ে কাদের চন্ডীমন্ডপে আলোচনা চলছিল ?

(ক) চৌধুরীদের (খ) পালেদের (গ) মুখুজ্জেদের (ঘ) ঘোষেদের

৫। শর্মিলা কোথায় থাকতো ?

(ক) কলকাতা (খ) গিরিডি (গ) দেওঘর (ঘ) মধুপুর

৬। 'স্ফুরণ' শব্দটির অর্থ কী ?

(ক) প্রকাশ (খ) আকাশ (গ) ফোঁড়া (ঘ) ফোটা

৭। কোন ধর্মের প্রতিনিধি হয়ে স্বামী বিবেকানন্দ সম্মেলনে যোগ দেন।

(ক) হিন্দুধর্ম (খ) খ্রীষ্টান ধর্ম (গ) জৈনধর্ম (ঘ) শিখধর্ম

৮। লেখক মণিমহেশের শিখরকে কার প্রতিকৃতি বলে মনে করেন ।

(ক) দূর্গা (খ) শিবলিঙ্গ (গ) নারায়ণ (ঘ) বিষ্ণু

৯। ‘নিসর্গের দূরত্ব’ কবিতাটি কার লেখা ?

(ক) আলা মাহমুদ (খ) সৌমিত্র চট্টোপাধ্যায় (গ) সাধনা মুখপাধ্যায় (ঘ) মণীন্দ্র

রায়।

১০। মধুসূধন দত্ত রচিত কবিতাটির নাম কী ?

(ক) জন্মভূমি আজ (খ) নোলক (গ) শিব (ঘ) নারায়ণ

১২। ‘মুক্তি সুখের বার্তা আনে/ ঘুচায় প্রাণের কান্নাকাটি’- কোন কবিতার লাইন?

(ক) স্পর্শমণি (খ) গান (গ) জন্মভুমি (ঘ) আবার আসিব ফিরে

১৩। লক্ষীপেঁচা কার ডালে বসেছিল ?

(ক) পলাশের (খ) শিমুলের (গ) শরিষের (ঘ) বকুলের

১৪। পত্রকাব্য বলে কোন কবিতাটি পরিচিত ?

(ক) জন্মভূমি আজ (খ) নোলক (গ) চিঠি (ঘ) বটবৃক্ষ

১৫। ‘চোখের বালি’ উপন্যাসটি কার লেখা ?

P-53

(ক) রবীন্দ্রনাথ (খ) শরৎচন্দ্র (গ) বঙ্কিমচন্দ্র (ঘ) সত্যজিৎ রায়

১৬। ‘সতীদাহ প্রথা’ বন্ধ করতে কার যোগদানের কথা তুমি জানো ?

(ক) রামমোহন রায় (খ) সতীনাথ ভাদুড়ী (গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

একটি বাক্যে উত্তর দাও :- ৭ x ২

= ১৪

১৭। গাছের প্রাণ আছে তা প্রমাণ করার জন্য জগদীশচন্দ্র বসু কোন যন্ত্রের

উদ্‌ভাবন করেন।

১৮। ঊর্মিলার এক মুহূর্তের জন্য নিশ্চল হয়ে দাঁড়িয়ে পড়ার কারণ কী ?

১৯। 'বিড়াল' প্রবন্ধটিতে হুঁকো হাতে নিয়ে কে ভাবছিলেন ?

২০। রাধার ব্যথার কারণ কী ?

২১। 'জন্মভূমি' আজ' কবিতায় কবি কোন ঐক্যের কথা বলেছেন ?

২২। 'প্রব্রজ্যা' শব্দটির অর্থ কী ?

২৩। মাইকেল মধুসূদন দত্তের যে কোন দুটি কাব্যে নাম লেখো।

সংক্ষেপে উত্তর দাও :- ৬ x ৫ = ৩০

২৪। "দ্রোণাচার্য অর্জুনকে কথা দিয়েছিলেন যে তারচেয়ে শ্রেষ্ঠ ধনুর্ধর কেউ থাকবে না। তাই একলব্যকে তার ডান হাতের বুড়ো আঙুলটা কেটে

গুরুদক্ষিণা হিসাবে দিয়ে দিতে হোল"। এটুকুই কি সত্য ? নাকি একলব্য সামাজিক বৈষ্যমের শিকার হয়েছিল? এ বিষয়ে তোমার মতামত সংক্ষেপ দাও।

২৫। 'অতএব তুমি সেই পরধর্মের ফলভোগী' – কে কাকে একথা বলেছে?

কে কিভাবে পরমধর্মের ফলভোগী হয়েছে তাও লেখ।

২৬। জাতীয় সংহতি বলতে কবি কি বোঝাতে চেয়েছেন ?

২৭। 'গান' কবিতাটিতে কবি প্রকৃতির মধ্যে দিয়ে স্বদেশের মূর্ত রূপ কিভাবে ফুটিয়ে

তুলেছেন,তোমার মতো করে লেখো।

২৮। 'বটবৃক্ষ' কবিতার সারাংশ লেখো।

২৯। বাংলা সাহিত্যের কোন এক প্রাবন্ধিকের সম্বন্ধে লেখো।

P-54

নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও:-

৩০। নিচে দেওয়া উপসর্গ যোগে একটি করে শব্দ গঠন করো।

৮

বদ, উৎ, নির, নি্‌, ফি, ফুল, অনু, প্র

৩১। নিচের ইংরেজি শব্দগুলি বাংলায় অনুবাদ করো।

৫

Anchor, Literature, Physics,College, Basicpay

৩২। সাধুভাষা থেকে চলিত ভাষায় লেখো।

৫

ক। তাহাকে খুঁজিয়া বাহির করিতেই হইবে।

খ। অনাহারে মরিয়া যাইবার জন্য আমরা আসি নাই।

গ। আমি বুলাইয়া বলিলাম।

ঘ। কাকি আমাকে ডাকিয়া বলিলেন।

ঙ। গোলমাল করিও না।

৩৩। উপভাষা কাকে বলে ? উপভাষাগুলির নাম লেখ।

৫

৩৪।শারীরিক অসুস্থতার জন্য তুমি চারদিন বিদ্যালয় আসতে পারোনি। তোমার ছুটি মঞ্জুর করার জন্য প্রধান শিক্ষক মহাশয়কে আবেদন পত্র লেখো।             ৭

৩৫। অমরেশ বক্ষর বইয়ের নেশা সেই কলেজ থেকেই। পঁচিশ বছর আগের কথা।

ইতিহাসের ছাত্র ছিল সে, তবে তার বাইরেও অনেক বিষয়ের বইয়ের প্রতি তার

আকর্ষণ। যেমন ভ্রমন কাহিনী, শিকার কাহিণী, প্রশ্নতত্ব,অ্যানাটমি, আর ম্যাজিক। ম্যাজিক ছিল প্রথমে অমরেশের হবি। তারপর ক্রমে সেটা নেশায় দাঁড়ায়। বাপ ছিলেন কলকাতার নামকরা ব্যারিষ্টার আদিনাথ ব্রাহ্ম। ছেলেও বিলেত গিয়ে

ব্যরিস্টারি পাশ করে আসে, এমন একটা ইচ্ছা বাপের ছিল।

উপরের অংশটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :-    ৫ x ২ = ১০

ক। অমরেশ ব্রহ্ম কোন্ বিষয়ের ছাত্র ছিল ?

খ। ইতিহাস ছাড়া আর কোন্ কোন্ বিষয়ের বইয়ের প্রতি তার আকর্ষণ ছিল ?

গ। অমরেশের প্রথম হবি কী ছিল ?

P-55

ঘ। আমরেশের বাবা কে ছিলেন ?

ঙ। অমরেশ সম্পর্কে তার বাবার কী ইচ্ছে ছিল ?

# ANSWER SHEET

**১। ক। প্রসন্ন গোয়ালিণী ২। ক। রবীন্দ্রনাথ ৩। গ রোকেয়া সাখাওয়াত**
**৪। খ। পালেদের ৫। ঘ মধুপুর ৬। ক প্রকাশ ৭। ক হিন্দুধর্ম ৮। খ**
**শিবলিঙ্গ**
**৯। খ সৌমিত্র চট্টোপাধ্যায় ১০। গ বটবৃক্ষ ১১। গ শিব ১২। ক গান ১৩।**
**খ শিমুলের ১৪। গ চিঠি ১৫। ক রবীন্দ্রনাথ ১৬। ক রামোহন রায়**
**১৭। গাছের প্রাণ আছে তা প্রমাণ করার জন্য জগদীশচন্দ্র বসু**
**‘ক্রোস্কোগ্রাফ’ নামক**
**যন্ত্রটি উদ্‌ভাবন করেন।**
**১৮। বর্ষারজলে ঊর্মিলার খাটের উপর সমস্ত বিদানাগুলো ভিজে গিয়েছে।**
**কি করে**
সেভিজা বিচানাগুলো তা ভেবে এক মুহুর্তের জন্য এক মুহুর্তের জন্য
নিশ্চল হয়ে দাঁড়িয়ে পড়লো।
১৯। ‘বিড়াল’ প্রবন্ধটিতে হুঁকো হাতে নিয়ে কমলাকান্ত ভাবছিলেন যে যদি
তিনি
নেপোলিয়ান হতেন তবে তিনি ওয়ার্টালু জিততে পারতেন না।
২০। রাধার অন্তরের ব্যথার কারণ হলো কৃষ্ণপ্রেম ও কৃষ্ণকে না পাওয়া।
২১। ‘জন্মভূমি আজ’ কবি মাটি ও তৎসংলগ্ন মানুষের নিবিড় ঐক্যের
কতা বলেছেন।
২২। সন্ন্যাস বা সন্ন্যাস অবলম্বনপূর্বক পরিভ্রমণ।
২৩। মাইকেল মধুসূদন দত্তের দুটি কাব্যের নাম ---
মেঘনাদ বধ কাব্য ও চতুর্দশপদী কবিতাবলী
২৪। দ্রোণাচার্য মনে মনে একলব্যের শ্রেষ্ঠতা স্বীকার করলেও তাঁর সাহস
ছিল না

অর্জুনকে দেওয়া কথা বিফল করার। তাই তিনি যেমন তাঁর কথা রাখতেএকলব্যের বুড়ো অঙুলটা গুরুদক্ষিণা স্বরূপ চেয়েছিলেন তেমনি একথাও সত্য যে সে সময় কোন নিম্ন বংশের যুবকের চেয়ে শ্রেষ্ঠ ধনুর্ধর প্রমানিত হবে এ সত্য মেনে নেওয়া

P-

56

যায় না।একলব্যের বাবা হিরণ্যধনু এই শ্রেণি বৈষম্য সম্বন্ধেজানতেন তাই তিনি বলেছিলেন , দ্রোণাচার্যের কিছুতেই এক ভীল বালক ধনুর্বিদ্যা শেখাবেন না।, তিনি শুধু ক্ষত্রিয়দের, বিশেষ করে ক্ষত্রিয় রাজপুত্রদের ধনুর্বিদ্যা শেখান। তাই আমাদের মনে হয় একলব্য সামাজিক বৈষম্যের শিকার হয়েছিল।

২৫। একথাটি বিড়াল কমলাকান্তকে বলেছে। পরের উপকার করাই মানুষের পরমধর্ম। কমলাকান্তের  জন্য প্রসন্ন গোয়ালিণীর রেখে যাওয়া দুধটুকু বিড়াল খেয়ে

ফেলে নিজের পরম উপকার করেছে। কমলাকান্তের জন্য রাখা দুধ বিড়ালটি খেয়ে

এই পরোপকার সিদ্ধ হয়েছে,তাই কমলাকান্ত সেই পরমধর্মের ফলভোগী হয়েছেন।

২৬। আমাদের দেশ ভারতবর্ষ। বিরাট দেশ, বিশাল জনসংখ্যা। এখানে বহুধর্ম,

বহুভাষা,বহুজাতি-উপজাতির বসবাস। সবাইয়ের নিজ নিজ জাতি ধর্ম, ভাষা ও সংস্কার অনুসারে আচার আচরণ কিন্তু এই জাতি,ধর্ম,ভাষাগত পার্থক্য কোন বিভেদ

সৃষ্টি করেনি। উপরন্তু বৈচিত্রতার সৃষ্টি করেছে। যা দেশকে একসূত্রে বেঁধেছে, দেশকে আরো সুন্দর ও সমৃদ্ধ করে তুলেছে। এই বিচিত্রতা ও ঐক্যের অন্তরালেই

নিহিত আছে জাতিয় সংহতি।

২৭। কবি সত্যেন্দ্রনাথ দত্তর কাছে স্বদেশের মাটি, আকঅশ বাতাস সবই মধুর।

এমন কি পথের ধূলাও সোনার চেয়ে খাঁটি। শ্যামলা প্রকৃতির শীতলতা সমস্ত ক্লান্তি

দূর করে দেয়। সূর্য এসে ঘুম ভাঙিয়ে দেয়, আবার জ্যোৎস্নার স্নিগ্ধ রূপালী আলো ঘুমের রাজ্যে নিয়ে যায়। পাহাড়, নদী, সাগর বিভিন্ন মন মাতানো ফুল, ধানের ক্ষেত,

পাখিরা সবাই মুক্তির বার্তা বহন করে এনে জীবনের দু:খ কষ্টকে ভুলিয়ে দেয়। এই

ভাবেই কবি প্রকৃতিউর মধ্যেদিয়ে স্বদেশের মূর্ত রূপকে ফুটিয়ে তুলেছেন।

২৮। মাইকেল মধুসূদন দত্তের ‘চতুর্দশপদী কবিতাবলী’ কাব্যগ্রন্থের একটি বিশিষ্ট কবিতা ‘বটবৃক্ষ’। বটবৃক্ষেপর অপরিসীম গুণের জন্য প্রাচীন হিন্দুধর্মগ্রন্থ্ **গুলি**তে দেবত্বের মর্যাদা প্রদান করা হয়েছে। কবি বটবৃক্ষকে অবতার রূপে স্বীকৃতি না

P-57

দিলেও কবিতার প্রতিটি পংক্তিতেকখনো ‘তরুরাজ’, কখননো ‘বিধির করুণা’, কখনো ‘জীবকুলহিতৈষিণী’, কখনো বা ছায়া সু-সুন্দরী বলে বিবিধ বিষেষণে ভূষিত করেছেন। যখন পৃথিবী প্রখর তাপে তপ্ত , তখন

এই বটবৃক্ষের ঘন পত্রময় নিবিড় শিতল ছায়াতেই প্রাণজগৎ আশ্রয় লাভ করে তৃপ্ত হয়। কবি বটবৃক্ষের এই অশেষ দানকে স্বীকার করে নরণনার শেষে দেপবতার নয়, 'দেবতার মত'বলে বটবৃক্ষকে গ্রহণ করে মর্যদার আসনে বসিয়েছেন।

২৯। বাংলা সাহিত্যের একজন বিখ্যাত প্রবন্ধকার রাজশেখর বসু (১৮৮০ -১৯৬০)।

জন্ম বর্ধমান জেলার শক্তিগড়ের কাছে বামুনপাড়া গ্রামে। পৈতৃক নিবাস নদীয়া জেলার কৃষ্ণনগরে। ব্যক্তিগত জীবনে সহজ-সরল জীবনযাপন, নিয়মানুবর্তিতা ও

শৃঙ্খলাপরায়ণতার জন্য খ্যাত ছিলেন। উদ্ভট পরিবেশ সৃষ্টি, নাট্যগুণ, অবিস্মরণীয় চরিত্র ,কাহিনীর অভিনব তীক্ষ্ণ ব্যঙ্গ ও উচ্চাঙ্গের কৌতুক সমাবেশ ইত্যাদি বৈশিষ্টগুলির জন্য তার গল্পগুলি যেন হাস্যরসের অফুরন্ত নির্ঝর। প্রবন্ধ রচনার ক্ষেত্রেও তিনি সিদ্ধহস্ত লঘুগুরু মেঘদূতের বঙ্গনুবাদ,বাল্মীকি রামায়ণ, ব্যাসদেবের

মহাভরতের বাংলা সানুবাদ প্রভৃতি। অপর পধান চলন্তিকা অভিধান। ১৯৫৫ সালে রবীন্দ্র পুরস্কার ও ১৯৫৮ সালে পেয়েছেন আকাদেমি পুরস্কার। ভারত সরকার তাঁকে

পদ্মভূষণ উপাধিতে ভূষিত করেন। ১৯ তম সালে কোলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত বানান সংস্কার সমিতি ও পশ্চিমবঙ্গ সরকারের পরিভাষা সংসদের সভাপতি ছিলেন। কোলকাতা ও যাদবপুর বিশ্ববিদ্যালয় এঁকে সাম্মানিক ডক্টরেটউপাধি দেন।

৩০। বদমেজাজ, উৎখাত, নিরক্ষর, নির্বোধ, ফিরোজ, অনুপাত, প্রকার

৩১। সঞ্চালক, সাহিত্য, ভৌতিকশাস্ত্র, মহাবিদ্যালয়, মূল বেতন।

৩২। ক। তাকে খুঁজে বের করতেই হবে।

খ। অনাহারে মরে যাবার জন্য আমরা আসিনি।

গ। আমি বুঝিয়ে বললাম।

ঘ। কাকি আমাকে ডেকে বললেন।

P-

58

ঙ। গোলমাল কোর না।

৩৩। কোনো ভাষা সম্প্রদায়ের অন্তর্গত ছোট ছোট দলে বা অঞ্চলে বিশেষ প্রচলিত

মূর্ত ভাষাছাঁদকে উপভাষা বলে। মৌখিক উপভাষা গুলি হলো- রাঢ়ি, ঝাড়খন্ডি, বরেন্দ্রী, বঙ্গালি ও কামরূপী।

৩৪। মাননীয়,

প্রধান শিক্ষক,

বার্লো বালিকা উচ্চ বিদ্যালয়,

সীতামারি,বিহার।

বিষয়—শারীরিক অসুস্থতার জন্য বিদ্যালয়ে অনুপস্থিতির জন্য।

মহাশয়,

সবিনয় নিবেদন এই যে আমি আপনার বিদ্যালয়ের দ্বাদশ শ্রেনির ছাত্রী।

গত চারদিন (২৫-৮-২০১৬ – ২৮-৮-২০১৬) আমি বিদ্যালয়ে জ্বর হওয়ার জন্য উপস্থিত থাকতে পারিনি।

তাই আপনার কাছে আমার একান্ত অনুরোধ উপরোক্ত চারদিনের ছুটি মঞ্জুর

করে আমায় বাধিত করবেন।এইজন্য আমি আপনার কাছে কৃতঞ্জ থকবো।

২৯-৮-২০১৬ মণিকা শর্মা,

সীতামারি দ্বাদশ শ্রেণি

রোল নম্বর ২১

৩৫। ক। অমরেশ ব্রহ্ম ইতিহাসের ছাত্র ছিল।

খ। ইতিহাস ছাড়া ভ্রমণকাহিণী, শিকার কাহিণী, প্রত্নতত্ব, অ্যানাটমী, আর ম্যাজিক বিষয়ের বিইয়ের প্রতি তাঁর আকর্ষণ ছিল।

গ। ম্যাজিক অমরেশের প্রথম হবি।

ঘ। অমরেশের বাবা ছিলেন কোলকাতার নামকরা ব্যারিস্টার আদিনাথ ব্রহ্ম।

P-59

ঙ। অমরেশের বাবার ইচ্ছা ছিল ছেলে যেন বিলেত গিয়ে ব্যারিস্টারি পাশ করে আসে।

# बिहार विद्यालय परीक्षा समिति, पटना

**वर्ष 2017 का मॉडल प्रश्न पत्र एवं उत्तरमाला**

**BANGLA**

**Set-IX**

SET – 9

সঠিক উত্তরটি লেখো:- ১৬ x ১ =
১৬

১। ‘সামাজিক ধনবৃদ্ধি ব্যতীত সমাজের উন্নতি নাই,’—উক্তিটি কার ?

(ক) প্রসন্ন গোয়ালিনী (খ) বিড়াল (গ) কমলাকান্ত (ঘ) নসীরামবাবু

২। ‘জাতীয় সংহতি’ পাঠটির লেখক কে ?

(ক) গোপাল হালদার (খ) রাজেন্দ্র অবস্তি (গ) বনফুল (ঘ) চিত্রাদেব

৩। ‘ঠাকুরবাড়ির আদর মহল’ গ্রন্থটির একটি আংশ হলো –

ক। গুরুদক্ষিণা (খ) মাধুরীলতা (গ) বলাই (ঘ) প্রার্থনা

৪। সংকটে পড়লে অধিকাংশ লোকের কার উপর নির্ভরতা বাড়ে ?

(ক) দৈবের উপর (খ) লোকের উপর (গ) মায়ের উপর (ঘ) বাবার উপর

৫। কোন বিশ্ব বিদ্যালয় জগদীশচন্দ্র বসুকে সাম্মানিক ডি এস সি উপাধিতে
ভূষিত করল ?

(ক) কেমব্রিজ (খ) লন্ডন (গ) অক্সফোর্ড (ঘ) যাদবপুর

৬। শেরচাঁদ কে ?

(ক) ফরেস্ট গার্ড (খ) পথ যার্তী (গ) পাকে (ঘ) ড্রাইভার

৭। সমরেশ ব্রহ্মের বাবার নাম কী?

(ক) আদিনাথ (খ) অনাদিনাথ (গ) অমরেশ (ঘ) জ্ঞানেশ

৮। দ্রনাচার্য কাকে কথা দিয়ে ছিলেন তার চেয়ে ধনুর্ধর কেউ থাকবে না?

(ক) একালব্য (খ) অর্জুন (গ) ভীষ্ম (ঘ) ভীম

৯।“কালিয়া বন্ধুটি কে” ?

P-60

(ক)শ্রীকৃষ্ণ (খ) চন্ডীদাস (গ) বলরাম (ঘ) শ্রীরাধা

১০। সাধনা মুখোপাধ্যায় লিখিত পাঠটির নাম কী ?

(ক) নিসর্গের দূরত্ব  (খ) তথাগত (গ) প্রার্থণা (ঘ) নোলক

১১। কোন নদীর তীরে সনাতন নাম জপে মগ্ন ছিলেন ?

(ক) গঙ্গা  (খ) সরস্বতী (গ) পদ্মা (ঘ) জমুনা

১২। এদেশের অঙ্গে কোন দুটি ফুল শোভা বৃদ্ধি করে ?

(ক) বেলি যুই  (খ) বকুল, দোপাটি (গ) গাঁদা, গোলাপ (ঘ) টগর, পদ্ম

১৩। " আমার মায়ের গয়না ছাড়া ঘরে ফিরব না"।

--কোন কবিতার পংক্তি ?

(ক) নোলক  (খ) বিরহিণী রাধা (গ) তথাগত (ঘ) চিঠি

১৪। বিধবা বিবাহ প্রথা কে প্রবর্তন করেন ?

(ক) রামমোহন রায় (খ) বিদ্যাসাগর (গ) রবীন্দ্রনাথ (ঘ)  বঙ্কিমচন্দ্র

১৫। "দেবদাস" এর লেখক কে ?

(ক) রবীন্দ্রনাথ (খ) শরৎচন্দ্র (গ) আশাপূর্ণা দেবী (ঘ) চিত্রা দেব

১৬। "পরশুরাম" কার ছদ্মনাম ?

(ক) রাজশেখর বসু (খ) বিভূতি ভূষণ বন্দ্যোপাধ্যায় (গ) আশালতা সিংহ
(ঘ) বলাই চাঁদ মুখোপাধ্যায়

একটি বাক্যে উত্তর দাও। ৭ x ২ =
১৪

১৭। পাহাড়ে গিয়ে কি দেখে বলাই –র মন খুশিতে ভরে উঠেছিল ?

১৮। "এ যে অসম্ভব ব্যাপার" – কোন ব্যাপারটি অসম্ভব ?

১৯। ইহুদি জাতি ভারতে আশ্রয় নিয়েছিল কেন ?

২০। রাধা এক দৃষ্টে কি দেখছিলেন ?

২১। নিসর্গ কোথায় আছে ?

২২। “জন্মভূমি আজ কবিতাটিতে কবি কার প্রতি দায়বদ্ধ থাকতে বলেছেন?

p-61

২৩। রবীন্দ্র পরবর্তি দুজন কবির নাম লেখ। সংক্ষেপে উত্তর দাও।

২৪। বলাই এর বৃক্ষ প্রেমের বর্ণনা দাও।

২৫। জগদীশচন্দ্রের বেতার যন্ত্র (তড়িৎতরঙ্গ) আবিষ্কারের সম্মান কে আত্মসাৎ করেছিল ? ১৯২০ খৃষ্টাব্দ জগদীশচন্দ্রের জন্য স্মরণীয় কেন ?

২৬। ‘নিষ্কাম ভক্ত’ এবং জ্ঞানী এখনও বলেন-তোমার ইচ্ছা পূর্ণ হোক’।– ‘প্রার্থনা’ রচনাটিতে লেখকের এই উক্তি ও তার যে ব্যাখ্যা তিনি দিয়েছেন তা নিজের ভাসায় লেখো।

২৭। ‘মুক্তি সুখের বার্তা আনে ঘুচায় প্রাণের কান্নাকাটি’—কবিতাটির শেষে কবি এইদুটি পংক্তির উল্লেখ কেন করেছেন ?

২৮। কোন উদ্দেশ্যনিয়ে কবি ‘নিসর্গের দূরত্ব’ কবিতাটি লিখেছেন বলে তোমার মনে হয় ?

২৯। বিংশ শতাব্দীর কোন এক উপন্যাসিকের সম্বন্ধে লেখো।

নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও:-

৩০। নিচে দেওয়া উপসর্গ যোগে একটি করে শব্দ গঠন করো।

৮

উৎ, নির, আ, ব, হা, হেড, হর, বদ

৩১। ইংরেজি শব্দগুলি বাংলায় অনুবাদ করো।

৫

Science, Board, Chracter, Certificate, Bio-data.

৩২। সাধু ভাষা থেকে চলিত ভাষায় লেখো।

৫

ক। সমস্ত আলোচনা থামিয়া গেল।

খ। তাহারা জঙ্গলে ঘুরিতেছিল।

গ। পাখিটি উড়িয়া গেল।

ঘ। তাহার চোখে জল ছলছল করিয়া উঠিল।

ঙ। ভুবনের মাসি আসিয়া দাঁড়াইল।

৩৩।ভাষা কাকে বলে ?ভাষা কয় প্রকার ?

৫

P-62

৩৪। গ্রামে একটিমাত্র মেয়েদের স্কুলে পাণীয় জল ও শৌচালয়ের দূরবস্থা কথা জানিয়ে পঞ্চায়েত প্রধানকে একটি আবেদন পত্র লেখো।

৭

৩৫। পাটনাসিটি রোটারি ক্লাবের উদ্যোগে বিনামূল্যে চক্ষু অপারেশন শিবির শুরু

হল ২৫ অক্টোবর। এটি ৩ নভেম্বর অবধি ছলেছিল। এই অনুষ্ঠানের আনুষ্ঠানিক সূচনা করলেন বিশিষ্ট সমাজ সেবক শক্তি ব্যানার্জী। এই অল্প সময়ের সূচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পাটনার বিশিষ্টব্যক্তিগণ। রোটারি ক্লাব বিভিন্ন কল্যানমূলক কাজেউল্লেখযোগ্য কাজ করে।

উপরের অংশগুলি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :- ৫ x ২ = ১০

ক। বিনামূল্যে চক্ষু অপারেশন শিবির কারা শুরু করলো ?

খ। শিবিরটি কবে শুরু হলো।

গ। শিবিরটির অনুষ্ঠানিক সূচনা কে করেছিলেন ?

ঘ। সূচনা অনুষ্ঠানে আর কারা উপস্থিত ছিলেন ?

ঙ। রোটারি ক্লাব কোন ধরনের কাজের সঙ্গে যুক্ত ?

# ANSWER SHEET

১। গ কমলাকান্ত ২। ক গোপাল হালদার ৩। খ মাধুরীলতা ৪। ক দৈবের উপর

৫। খ লন্ডন ৬। ক ফরেস্ট গার্ড ৭। কাদিনাথ ৮। খ অর্জুন ৯। ক শ্রীকৃষ্ণ

১০। খ তথাগত ১১। ঘ যমুনা ১২। খ বকুল, দোপাটি ১৩। ক নোলক

১৪। খ বিদ্যাসাগর ১৫। খ শরৎচন্দ্র ১৬। রাজশেখর বসু

১৭। বাড়ির সামনে যে ঘন সবুজ ঘাস পাহাড়ের ঢ়াল বেয়ে নীচে পর্যন্ত নেমে গিয়েছিল, তাই দেখে বলাই-র মন খুশিতে ভরে উঠেছিল।

১৮। প্রতি বছর মহাদেবের পুজতে গ্রামের কেউ একজন নিশ্চয় পাগল হয়ে যায়

কিন্তু সে বছর কেউ পাগল হয়নি—এই অসম্ভব ব্যাপারই ঘটেছিল।

p-63

১৯। রোমানদের উৎপীড়নে ইহুদিজাতির পবিত্র দেবালয় চূর্ণাকৃত হলে তারা ভারতে আশ্রয় নিয়েছিল।

২০। রাধা ময়ূর ময়ূরীর কণ্ঠে দৃষ্টি স্হির রেখে কৃষ্ণকে দেখার চেষ্টা করেন।

২১। আকাশ সীমরা খুব কাছাকাছি,সেখানে খড়ি ওঠা মানুষেরা রয়েছে,সেখানে নিসর্গ

আছে।

২২। ‘জন্মভূমি আজ’ কবিতাটিতে কবি মাটি ও মানুষের প্রতি দায়বদ্ধ থাকতে বলেছেন।

২৩। রবীন্দ্র পরবর্তী দুজন কবি হলেন—প্রেমেন্দ্র মিত্র ওআল মাহমুদ।

২৪। বলাই প্রকৃতি প্রেমিক। প্রকৃতির উপরেই তার সবচেয়ে বেশি স্নেহ, ভালবাসা।

সে গাছপালাকে খুব ভালবাসে। কেউ যদি গাছের ফুল তোলে,গাছেঢ়িল মেরে আমলকি পাড়ে, এটা তার বড়ো বাজে লাগে। ছেলেরা তাকে ক্ষেপাবার জন্যছড়ি দিয়ে গাছগুলোকে মারতে মারতে চলে যায়। ফস্ করে বকুল গাছের একটা ডাল ভেঙে নেয়,বলাই-র এইসব দেখে কাঁদতেইচ্ছে ককরে, কিন্তু কাঁদতেও সে পারে না,

পাছে সেটা কেউ পাগলামিই বলে মনে করে। ওর সবচেয়ে কষ্টের দিন , যেদিন ঘাসিয়াড়া ঘাস কাটতে আসে। ওর সবচেয়ে প্রিয় একটা শিমূল গাছ,যেটা বাগানের

খোওয়া-দেওয়া রাস্তার মাঝখানে উঠে অসুবিধার সৃষ্টি করছে। বলাইয়ের প্রকৃতির প্রতি এত স্নেহ, ভালবাসা, প্রেম এই গল্পটির মুখ্য বিষয় যা পাঠক মনকে ছুঁয়ে যায়।

২৫। ইতালীয় ব্যবসায়ী গুলিয়নমো মার্কনি জগদীশচন্দ্রের বেতার যন্ত্র আবিষ্কারের

সূত্র আত্মসাৎ করেছিল। ১৯২০ খ্রীষ্টাব্দে জগদীশচন্দ্র তৃতীয় ভারতীয় ও প্রথম বাঙালিরূপে রয়্যাল সোসাইটির ফেলো নির্বাচিত হয়েছিলেন।

২৬। যাঁরা নিষ্কাম ভক্ত ও জ্ঞানী তাঁরা বলেন ‘তোমার ইচ্ছা পূর্ণ হোক’। এই কথনের

মধ্যে দিয়ে লেখক এই কথাই বোঝাতে চেয়েছেন বলে মনে হয়, তোমার সফলতা বা বিফলতা সবই ঈশ্বরের অধীন,তবে যাই ঘটুক না কেন তা মেনে নেবার ও সইবার

P-64

শক্তি যেন আমার থাকে। এখানে এটাও মনে হয়, তুমি ভগবানের শরণাপন্ন হয়েছ। তোমার কামনার পেছনে যদি কারো অহিত লুকিয়ে না থাকে, যদি নিষ্কাম ভাব ও
জগৎ কল্যাণ্যের ভাবনা থাকে তাহলে তোমার সব ইচ্ছাই পূর্ণ হবে।

২৭। কবি সত্যেন্দ্রনাথ যখন ‘গান’ কবিতাটি লিখেছেন তখন ভারতবর্ষ পরাধীন। পরাধীনতার গ্লানি কবিকেও স্পর্শ করেছিল। কবি এই কবিতায় বাংলার প্রকৃতির
মাধুর্যের মধ্যে দিয়ে স্বদেশ প্রেমের মূর্তরূপ ফুটিয়ে তুলেছেন।

বাংলা প্রকৃতির প্রতিটি জিনিষ আমাদের মনে মুক্তির বার্তা বহন করে আনে। সূর্য, চন্দ্র, পাহাড়, সাগরের অসীমতা-উদারতা বা খোলা আকাশে পাখিদের
উড়ে যাওয়া বাখোলা মাঠে ধানের শীষের মাথা দোলানো বা বিভিন্ন ফুলের মন মাতানো গন্ধ-সবই পরাধীণতার দু:খকে ভুলিয়ে মুক্তির বার্তা বহণ করে আনে।

কবি এই কবিতাটির মাধ্যমে এই মুক্তির বার্তাই স্বদেশের মানুষের মনে পৌঁছে দিতে ছেয়েছেন।

২৮। নিসর্গ প্রকৃতির সৌন্দর্যের দিকটাই সকলকে আকর্ষণকরে। অথচ সেই নিসর্গে
বসবাসকারী দরিদ্র মানুষদের কাছে কেউ পৌঁছাতে পারে না। তাই মনে হয় নিসর্গ প্রকৃতির বাস্তব সত্যের মুখোমুখি হওয়া, নিসর্গে বসবাসকারী মানুষদেপর দু:খ উপলব্ধিকরা, তাদের দু:খদুর করার জন্য সংকল্প প্রভৃতি এইসব উদ্দেশ্যকে নিয়েই কবি ‘নিসর্গের দূরত্ব’ কবিতাটি রচনা করেন।
২৯। বিংশ শতাব্দীর এক খ্যাতনামা ঔপন্যাসিক বলাই চাঁদ মুখোপাধ্যায়। ‘বনফুল’
ছদ্মনামে তিনি বিশেষ ভাবে পরিচিত। তাঁর জন্ম বিহারের পূর্ণিয়া জেলার মণিহারী গ্রামে। আদিবাস হুগলী জেলার শেয়াখালায়।পেশায় চিকিৎসক। উপন্যাস, ছোটগল্প, নাটক, কবিতা, প্রভৃতি সাহিত্যের বিভিন্ন শাখাতেই তিনি সিদ্ধহস্ত। তবে তাঁর সাহিত্য
চর্চার ক্ষেত্র কথাসাহিত্য। ছোট গল্পের ক্ষেত্রে আঙ্গিকের নব নব বৈচিত্র আমাদের মুগ্ধ করে। প্রথম উপন্যাস ‘তৃণখন্ড’ (১৯২৫)। অন্যান্য উপন্যাসে মধ্যে উল্লেখযোগ্য
হলো বৈতরণী তীরে, কিছুক্ষণ, মৃগয়া, ডানা, স্থাবর, জঙ্গম, দ্বৈরথ,অগ্নীশ্বর,সপ্তর্ষি,

P-65

মানদন্ড প্রভৃতি। ১৯৬২ সালে হাটে বাজারে উপন্যাসের জন্য পেয়েছেন রবীন্দ্র পুরস্কার এবং ১৯৭৫-এ পদ্মভূষণ পুরস্কার।
৩০। উৎপাত, নির্ভয়, আকাশ, বকলম,হাহাকার, হেডপন্ডিত, হরদম, বদনাম।

৩১। বিজ্ঞান, পর্ষদ,চরিত্র, প্রমানপত্র, জীবন-পঞ্জী

৩২। ক। সমস্ত আলোচনা থেখে গেল।

খ। তারা জঙ্গলে ঘুরছিল।

গ। পাখিটা উড়ে গেল।

ঘ। তার চোখ জলে ছলছল করে উঠলো।

ঙ।ভুবনের মাসি এসে দাঁড়ালো।

৩৩। কোনো ভাষাগোষ্টির মধ্যে পাস্পরিক ভাব বিনিময়ের একটি নিরাকার ব্যবস্থাকে ভাষা বলে।

সাধারণত: ভাষা দু প্রকার—

ক। কথ্য বা মৌখিক ভাষা

খ। লেখ্য বা মৌখিক ভাষা

৩৪। মাননীয় পঞ্চায়েত প্রধান

কিশানগঞ্জ গ্রাম পঞ্চায়েত

বিষয় - কিশানগঞ্জ বালিকা বিদ্যালয়ে পানীয় জল ও শৌচালয়ের ব্যবস্থার জন্য।

মহাশয়,

সবিনয় নিবেদন এই যে আমাদের গ্রামে একটি মাত্র বালিকাদের বিদ্যালয়

আছে। ছাত্রী সংখাও অনেক । কিন্তু বিদ্যালয়ে পাণীয় জল ও শৌচালয়ের অভাব।

যেটি খুবই প্রয়োজনীয়। তাই আপনার কাছে আমার নিবেদন, যত তাড়াতাড়ি সম্ভব

উপরোক্ত সমস্যাগুলি সমাধানের ব্যবস্থা করা হোক। এজন্য আমরা সমস্ত গ্রামবাসী

আপনার কাছে বাধিত থাকিবো।

নমস্কারান্তে

P-66

২২-১১-২০১৬

বিনীত

মুক্তা দাশ

দ্বাদশ শ্রেণি

রোল নম্বর -২৫

৩৫। ক। বিনামূল্যে চক্ষুদান শিবির পাটনা সিটি রোটারি ক্লাব শুরু করেছিল।

খ। শিবিরটি শুরু হল ২৫ অক্টোবর।

গ। শিবিরটির আনুষ্ঠানিক সূচনা করেন বিশিষ্ট সমাজ সেবক শক্তি ব্যানার্জী।

ঘ। সূচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পাটনার বিশিষ্ট ব্যক্তিগণ।

ঙ। রোটারি ক্লাব বিভিন্ন কল্যাণমূলক কাজের সঙ্গে যুক্ত।

-----------------------------------------------------------------------------

# बिहार विद्यालय परीक्षा समिति, पटना

**वर्ष 2017 का मॉडल प्रश्न पत्र एवं उत्तरमाला**

**BANGLA**

**Set-X**

SET - 10

সঠিক উত্তরটি লেখো ঃ -                                    ১৬ x ১ = ১৬

১। বিড়াল প্রবন্ধটির আমি কে ?

(ক) কমলাকান্ত (খ) বঙ্কিমচন্দ্র (গ) বিড়াল (ঘ) প্রসন্ন গোয়ালিনী

২। ‘বলাই’ একটি -

(ক) ছোট গল্প (খ) কবিতা (গ) নাটক (ঘ) উপন্যাস

৩। মাধুরিলতার স্বামী শরৎ কার ছেলে ?

(ক) নীরেন্দ্রনাথ চক্রবর্তী (খ) বিহারিলাল চক্রবর্তী (গ) দেবদুলাল চক্রবর্তী



(ঘ) শ্যামলাল চক্রবর্তী

৪। জগদীশচন্দ্র বসু কেমব্রিজ থেকে কোন ডিগ্রি নিয়ে আসেন ?

(ক) ট্রাইপজ (খ) বি এসসি (গ) মেডিক্যাল (ঘ) এম এসসি

৫। এ বছর যে কেউ পাগল হয়নি, তার জন্য মুখুজ্জেরা কাকে দায়ী করল ?

(ক) নীলমণিকে (খ) যাদবকে (গ) পুরোহিতকে (ঘ) বিশেকে

৬। 'বেদনার বিভিন্নতা' গল্পে কার নিরুদ্দেশের কথা বলা হয়েছে ?

(ক) দর্জি (খ) ধোপা (গ) পুরোহিত (ঘ) উমাপদ

৭। ' মনিমহেশ' রচনাটি কার লেখা ?

(ক) গোপাল হালদার (খ) আশালতা সিংহ (গ) চিত্রা দেব (ঘ) উমাপ্রসাদ মুখোপাধ্যায়।

৮। একলব্য শব্দভেদী বাণে কার মুখ এফোঁড় ওফোঁড় সেলাই করে দিল ?

(ক) কুকুরের (খ) অর্জুনের (গ) ভীমের (ঘ) ভেড়ার

৯। 'সেইখানেই __________ নিরন্নের দেশ সাজাবার ভার নিয়েছে'–

(ক) বাঁশবন (খ) শরবন (গ) আমবন (ঘ) পলাশবন

১০। পদকর্তা রূপে আমরা কাকে চিনি ?

(ক) রবীন্দ্রনাথ (খ) মধুসূদন (গ) বঙ্কিমচন্দ্র (ঘ) চণ্ডীদাস

P-68

১১। ' তরুরাজ ' বলে কবি মধুসূদন কোন বৃক্ষকে সম্বোধন করেছেন ?

(ক) বেল গাছ (খ) তুলসী গাছ (গ) গোলাপ (ঘ) বট গাছ

১২। ' নোলক' কবিতাটি কার লেখা ?

(ক) আল মাহমুদ (খ) রবীন্দ্রনাথ (গ) জীবনানন্দ (ঘ) মধুসূদন

১৩। মাধুকরী বৃত্তি কে গ্রহণ করেছিলেন ?

(ক) বুদ্ধ (খ) যশোধরা (গ) শ্রীকৃষ্ণ (ঘ) শ্রীরাম

১৪। 'বিশ্বকবি' কে ?

(ক) নজরুল ইসলাম (খ) জীবনানন্দ দাশ (গ) মধুসূদন দত্ত (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

১৫। 'অগ্নিবীণা' কাব্যটির কবি কে ?

(ক) নজরুল ইসলাম (খ) সুকান্ত ভট্টাচার্য (গ) জীবনানন্দ (ঘ) আল্ মাহমুদ

১৬। 'পথের পাঁচালীর' লেখক কে ?

(ক) বিভূতিভূষণ মুখোপাধ্যায় (খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (গ) শরদিন্দু বন্দ্যোপাধ্যায় (ঘ) সতীনাথ ভাদুড়ী

একটি বাক্যে উত্তর দাওঃ ৭ x ২ = ১৪

১৭। 'বেদনার বিভিন্নতা' গল্পে কে কাকে চিঠি লিখেছে ?

১৮। একতা বজায় রাখার জন্য আমাদের কী ব্যাপারে সতর্ক থাকা উচিত ?

১৯। আমেরিকানরা সমরেশকে কার সঙ্গে তুলনা করে ?

২০। কালের প্রহরা কাদের মধ্যে  প্রভেদ মানে না বলে সাধনা মুখোপাধ্যায় জানিয়েছেন ?

২১। ‘মিহির’ শব্দটির অর্থ কী ?

২২। মধুসূদন দত্ত যে পত্রকাব্যটি লিখেছিলেন, তার নাম কী ?

২৩। সত্যেন্দ্রনাথ দত্তের কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো ।

সংক্ষেপে উত্তর দাওঃ ৬ x ৫ = ৩০

২৪। ১৮৯৫ খ্রীঃ তিনি কোন যন্ত্রের উদ্ভাবন করলেন ? এই যন্ত্রের সাহায্যে

কি করা সম্ভব হোল ?

২৫। ‘মাধুরীলতা’ অংশটি অবলম্বনে তখনকার মেয়েদের দুর্দশার কথা নিজের ভাষায় লেখো ।

২৬। সমরেশের জাদুর  কোন দুটি বিশেষত্ব দেশ-বিদেশের দর্শককে বিশেষভাবে মুগ্ধ করতো ?

২৭। রাধা তাঁর প্রিয়তমকে কোথায় কোথায় খুঁজে ফিরেছেন ?

২৮। ব্রাহ্মণ কেন সনাতন গোস্বামীর কাছে এসেছিলেন ?

২৯। আশালতা সিংহের সম্বন্ধে সংক্ষেপে লেখো ।

নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাওঃ

P-70

৩০। নিচে দেওয়া উপসর্গ যোগে একটি করে শব্দ গঠন করোঃ –

(৮)

সন্ , উপ , প্রতি , অনা , সাব , হর , ঘাস , নি্

৩১। ইংরেজি শব্দগুলি বাংলায় অনুবাদ করো

(৫)

Academic Session, Secretary, Music, Birth Certificate, Biennial. [ক্রমশ-(8)]

৩২। সাধু ভাষা থেকে চলিত ভাষায় লেখোঃ

( ৫ )

ক। রৌদ্র আমার পায়ের কাছে আসিয়া পড়িয়াছে।

খ। সে কোথায়, বলিতে পারিলাম না।

গ। রহমতকে দুই পাহারাওয়ালা বাঁধিয়া লইয়া আসিতেছে।

ঘ। খেলিবার জন্য যাইতাম ।

ঙ। মাছ ধরিতে যাইতেছে।

৩৩। বাংলা উপসর্গ কাকে বলে ? উদাহরণসহ লেখো । (
৫ )

৩৪। তোমাদের স্কুলের অপরিচছন্ন মাঠটিকে খেলার উপযুক্ত করে দেওয়ার জন্য প্রধান শিক্ষককে একটি পত্র লেখো ।
(৭)

৩৫। দ্বাদশ শ্রেণি পাশ করে অনেক পরিশ্রম করে ইঞ্জিনিয়ারিং প্রতিযোগিতা পরীক্ষায় অতনু সফল হয়। অদম্য উৎসাহ ও আনন্দ উদ্দিপনার সাথে বাড়ি থেকে অনেক দূরে পাতিয়ালায় সে ভর্তি হয়। ওখানে গিয়ে সব ছাত্রদের সাথে মিশতে



গিয়ে অনুভব করে সে ভাল ইংরেজি জানে না। ভাল ইংরেজি না জানার জন্য তাকে বিষয়েও বুঝতে বেশ অসুবিধা হয়।

উপরের অংশটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ ৫ x ২
= ১০

ক। অতনু কোন প্রতিযোগিতা পরিক্ষায় সফল হয় ?

খ। কোন জায়গায় সে ভর্তি হয় ?

গ। পাতিয়ালায় গিয়ে সে কি অনুভব করে ?

ঘ। কোন ভাষা সে ভাল করে জানে না ?

ঙ। ইংরেজি ভাল করে না জানার জন্য তাকে কোন অসুবিধায় পড়তে হয় ?

ANSWER SHEET – 10

১। ক কমলাকান্ত  ২। ক ছোট গল্প ৩। খ বিহারীলাল চক্রবর্তী ৪। ক ট্রাইপজ

৫ । গ পুরোহিতকে ৬। খ ধোপা ৭। ঘ  উমাপ্রসাদ মুখোপাধ্যা ৮। ক কুকুরের      ৯ খ শরবন ১০। ঘ চন্ডীদাস ১১। ঘ বটগাছ ১২। ক আলমামুদ ১৩। ক বুদ্ধ ১৪।ঘ রবীন্দ্রনাথ ১৫। ক নজরুল ইসলাম ১৬। খ বিভূতি ভূষণ বন্দোপাধ্যায়

১৭। ‘বেদনার বিভিন্নতা’ গল্পে শর্মিলা তার বন্ধু ঊর্মিলাকে চিঠি লিখেছে।

১৮। বৈচিত্রকে বৈষম্য বলে ভুল যাতে না হয় সেই ব্যাপারে সতর্ক থালা উচিত।

১৯। আমেরিকানরা সমরেশকে তুলনা করে থাসটন ও হুডিনির সঙ্গে।

২০। কালের প্রহার রাজপুত্র ও দিন পুত্রের মধ্যে প্রভেদ মানে না।

P-72

২১।“মিহির শব্দের অর্থ হোল সূর্য।

২২। মদুসূদন দত্ত লিখিত পত্র কাব্যটির নাম “বীরাঙ্গনা কাব্য”।

২৩। সত্যেন্দ্রনাথ দত্তের কাব্য গ্রন্থের নাম – ‘বেণু ও বীণা’, ‘কুহু ও কেকা’।

২৪। ১৮৯৫ খৃঃ জগদীশ চন্দ্র বসুর ‘কোহেরার’ নামক এক যন্ত্র আবিষ্কার করেন।

এই যন্ত্রের সাহায্যে কোন পরবাহী ছাড়াই একস্থান থেকে অন্য স্থানে সংবাদ অর্থাৎ

তড়িৎ চুম্বক তরঙ্গন পাঠান যায়।

২৫। তখনকার মেয়েরা থাকত পর্দার আড়ালে। শিক্ষার আলো তাদের কাছে পৌঁছায়নি। তারা একেবারে অশিক্ষিতা। বোরখার অন্ধকারে হাপিয়ে ছটফট করতো তারা। বিয়ে-সাদি স্থির হলে মেয়েকে  ছয়-সাত মাস রাখা হত অন্ধকার ঘরে। দিন-রাত আটকে থাকতে থাকতে কেউ হয়তো স্বাস্থ্য, কেউ হারাত জীবন, কেউ বা দৃষ্টি

কাকিত – তবুও পর্দার বাইরে তারা আসতে পরত না।

২৬। জাদুকর সমরেশ ব্রক্ষর শো-র দুটো বিশেষত্ব দেশ বিদেশের দর্শকে বিশেষ ভাবে মুগ্ধ করত। প্রথম বিশেষত্ব ছিল দীর্ঘ আড়াই ঘন্টার শো – এ তিনি একটি কথাও বলতেন না। আর দ্বিতীয় বিশেষত্ব হলো সে তার, সরোদ, বাঁশি ও তবলার একটি চমৎকার অর্কেস্ট্রার খাঁটি বাগ সঙ্গীত তিনি যাদুর সঙ্গে ব্যবহার করেন। বিশেষ বিশেষ জাদুর সঙ্গে বিশেষ বিশেষ রাগকে তিনি যে ভাবে ব্যবহার করেন তা

দর্শকদের কাছ যেমন নুতন, তেমনি চিত্ত জয়কারী।

P-73

২৭। রাধা তার প্রিয়তম শ্রীকৃষ্ণকে কখনো উপবাসে, কখনো যোগিনী বেশে কালো মেঘের মাঝে, কালো চুলে, বা কখনো ময়ুর ময়ুরীর নিলাভ কণ্ঠে দৃষট্টি স্হির রেখ প্রাণ প্রিয় শ্রীকৃষ্ণকে খুঁজে ফিরেছেন।

২৮। শিব ভক্ত ব্রাহ্মণ নিজার উন্নতির জন্য ভগবান শিবের আরাধনা করলে স্বপ্নে তিনি দেখা দিয়ে বলেছিলেন, জমুনা তীরে ধ্যান জপে মগ্ন সনাতন গোস্বামীর কাছেই তার ধনী হওয়ার উপায় আছে। সেই উপায়ের সনাতন গোস্বামীর কাছে এসেছিল।

২৯। সাম্প্রতিক কালের মহিলা ঔপন্যাসিক গোষঠীর উকজন অন্যতম ঔপন্যাসিক আশালতা সিংহ **১৯১১** এবং মৃত্যু **১৯৮৩** সালে। বিহারের ভাগলপুরে তার জন্ম।

ষোল বছর বয়সে ‘ভারতবর্ষ’ পত্রিকায় অমিতার প্রেম লিখে আলোড়ন সৃষ্টি করেছিলেন। ‘মানসী’, ‘আবির্ভাব’, ‘সমর্পণ’, ‘একাদশী’, ‘কলেজের মেয়ে’, ‘সয়ম্বরা’,

‘অর্ন্তজামী’, ‘মধুচন্দ্রিকা’ ‘অভিমান’ প্রভৃতি গ্রন্থ তাঁর মাত্র দশ বছরের সাহিত্য জীবনের ফসল। শেষ জীবনে হয়েছিলেন সন্ন্যাসিনী। তখন তিনি আশালতা পুরী।

একটা সূক্ষ্ম, সুকুমার অনুভূতি ও সেইসঙ্গে পরিকল্পনার মৌলিকতা ও সধক্ষ্ম দর্শিতার পরিচয়, তাঁর রচনার বিশেষত্ব।

৩০। সংবাদ,  উপহার , প্রতিবাদ, অনাসৃষ্টি, সাবজজ, হরতুকি, খাসমহল, নিষেধ।

৩১। শিক্ষাবর্ষ, সচিব, সংগীত, জন্ম প্রমাণ পত্র, দ্বি-বার্ষিক।

৩২। ক। রৌদ্র আমারা পায়ের কাছে এসে পরেছে।

খ। সে কোথায়, বলতে পারলাম না।

P-74

গ। রহমতকে দুই পাহারাওয়ালা বেঁধে নিয়ে আসছে।

ঘ। খেলবার জন্য যেতাম।

ঙ। মাছ ধরতে যাচ্ছি।

৩৩। কতকগুলি অব্যয় বা অব্য জাতীয় শব্দ বাংলার নাম পদ্রের পূর্বে বসে উপসর্গের মতো কাজ করবে। এদের বাংলা উপসর্গ বলে। উদাহরণ

– না – (না অর্থে ব্যবহৃত হয়) নারাজ। সু – (ভালো অর্থে ব্যবহৃত হয়) সুকবর।

৩৪। মাননীয়

প্রধান শিক্ষক,

বাড়িপোঁতা উচ্চ বিদ্যালয়,

ধানবাদ।

বিষয়ঃ- মাঠ পরিস্কার করার সম্বন্ধে।

মহাশয়,

সবিনয় নিবেদন এই যে আমাদের বিদ্যলয়ের মাঠটি এত অপরিচ্ছন্ন থাকে,

বিশেষ করে আগাছায়, যে আমরা আমাদের খালি সময়ে ইচ্ছা থাকলেও সেখানে খেলতে পারি না। খেলার সামগ্রী আছে আমাদের বিদ্যালয়ে।

তাই আপনাদের কাছে আমার বিশেষ অনুরোধ য আমাদের খেলার মাঠটি পরিস্কার করিয়ে আমাদের খেলার সুবিধা করে দেওয়া হোক। এরজন্য আমি আপনার কাছে বাধিত থাকবো।

আপনার বিশ্বাসভাজন

তারিখ – ১০।১২।২০১৬ রমলা দাস

দ্বাদশ শ্রেণি

রোল নম্বর - ১৮

৩৫। ক। অতনু ইঞ্জিনিয়ারং প্রতিযোগিতা পরীক্ষার সফল হয়।

খ। পাতিয়ালাতে সে ভর্তি হয়।

গ। পাতিয়ালাতে গিয়ে সব ছাত্রদের মধ্যে গিয়ে সে অনুভব করে সে ভাল ইংরেজি জানে না।

ঘ। ইংরাজী ভাষা সে ভাল করে জানে না।

ঙ। ভালো করে ইংরাজী না জানার জন্য অন্যান্য ছাত্রদের সঙ্গে মিশতে

-------------------------